রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ৪০ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, অক্টোবর ১, ২০২৬

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮৪৩—৮৭০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১৬১—১১৮৮ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৩৪৫—৩৯৫ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২৩৭—১২৫৬ |

| | পৃষ্ঠা নং |
|---|---|
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

### গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**অর্থ মন্ত্রণালয়**

**শাখা-২ (কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩/০৭ সেপ্টেম্বর ২০২৬

"সেরা করদাতা সম্মাননা প্রদান নীতিমালা, ২০২৬"

**নং ০৮.০০.০০০০.০০০.০৪৮.২২.০০০২.২৬.৮৮**—করদাতাদের বিশেষ সম্মান, স্বীকৃতি প্রদান এবং সকল নাগরিক-কে কর প্রদানে উৎসাহিত ও অনুপ্রাণিত করিবার লক্ষ্যে ইতঃপূর্বে প্রণীত জাতীয় ট্যাক্স কার্ড নীতিমালা, ২০১০ (সংশোধিত) এবং জেলাভিত্তিক সর্বোচ্চ ও দীর্ঘ সময়ব্যাপী আয়কর প্রদানকারী করদাতাদের পুরস্কার প্রদান নীতিমালা, ২০০৮ কে যুগোপযোগীকরণ ও অধিকতর যৌক্তিকীকরণের লক্ষ্যে উক্ত নীতিমালাদ্বয় বাতিলপূর্বক নিম্নরূপ নীতিমালা প্রণীত হইলো:

**১. সংক্ষিপ্ত শিরোনাম**

এই নীতিমালা "সোরা করদাতা সম্মাননা প্রদান নীতিমালা, ২০২৬" নামে অভিহিত হইবে। এই নীতিমালার আওতায় প্রদত্ত সম্মাননার নাম বাংলায় "সেরা করদাতা সম্মাননা" এবং ইংরেজিতে "Best Taxpayer Award" হইবে।

**২. সেরা করদাতা সম্মাননা প্রদানের ভিত্তি**

প্রতি অর্থ বৎসরে অব্যবহিত পূর্ববর্তী কর বৎসরের জন্য পরিশোধিত আয়করের পরিমাণের ভিত্তিতে জাতীয় পর্যায়ে সর্বোচ্চ আয়কর প্রদানকারী নির্দিষ্ট সংখ্যক ব্যক্তি এবং কোম্পানি পর্যায়ের করদাতাকে সরকার কর্তৃক সেরা করতাদা সম্মাননা প্রদানের জন্য নির্বাচন করা হইবে।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

**৩. সেরা করদাতা সম্মাননা সংখ্যা ও বিভাজন**

৩.১ সেরা করদাতা সম্মাননা প্রদানের জন্য ব্যক্তি (বিশেষ শ্রেণি ও পেশাজীবী শ্রেণি) ও কোম্পানি (কোম্পানি ও খাতভিত্তিক কোম্পানি) ক্যাটাগরিতে সর্বমোট ৭২ (বাহাত্তর) জন সেরা করদাতা নির্বাচন করা হইবে। ব্যক্তি ক্যাটাগরিতে করদাতা সম্মাননা সংখ্যা হইবে (২৪+৯)=৩৩ (তেত্রিশ) টি, এবং সর্বোচ্চ কর প্রদানকারী কোম্পানি পর্যায়ের করদাতা সম্মাননা হইবে (১৫+২৪)=৩৯ (উনচল্লিশ) টি।

৩.২ ব্যক্তি শ্রেণি করদাতা সম্মাননা কার্ডের বিভাজন: নিম্নোক্ত ৩৩ (তেত্রিশ) টি ব্যক্তি শ্রেণির করদাতাকে করদাতা সম্মাননা প্রদান করা হইবে, যথা:—

৩.২.১ বিশেষ শ্রেণি: সর্বোচ্চ কর প্রদানকারী ব্যক্তি পর্যায়ের করদাতা সম্মাননা সংখ্যা হইবে নিম্নরূপ ২৪ (চব্বিশ) টি:

| ক্রমিক | করদাতার প্রকৃতি | সম্মাননার সংখ্যা |
|---|---|---|
| ১. | সর্বোচ্চ কর প্রদানকারী ব্যক্তি করদাতা | ১৫ |
| ২. | সিনিয়র সিটিজেন করদাতা<br>(নারী ০১ জন+পুরুষ ০১ জন) | ২ |
| ৩. | গেজেটভুক্ত যুদ্ধাহত মুক্তিযোদ্ধা করদাতা | ১ |
| ৪. | প্রতিবন্ধী ব্যক্তি করদাতা | ১ |
| ৫. | নারী করদাতা | ৫ |
| | মোট = | ২৪ |

৩.২.২ পেশাজীবী শ্রেণি (ব্যক্তি): সর্বোচ্চ কর প্রদানকারী পেশাজীবী শ্রেণি (ব্যক্তি) পর্যায়ের করদাতা সম্মাননা সংখ্যা হইবে নিম্নরূপ ০৯ (নয়) টি:

| ক্রমিক | করদাতার প্রকৃতি | সম্মাননার সংখ্যা |
|---|---|---|
| (১) | বেতনভোগী | ১ |
| (২) | চিকিৎসক | ১ |
| (৩) | সাংবাদিক | ১ |
| (৪) | আইনজীবী | ১ |
| (৫) | প্রকৌশলী | ১ |
| (৬) | স্থপতি | ১ |
| (৭) | চার্টার্ড একাউন্ট্যান্ট/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট | ১ |
| (৮) | খেলোয়াড় | ১ |
| (৯) | শিল্পী | ১ |
| | মোট = | ০৯ |

৩.২.৩ সর্বোচ্চ কর প্রদানকারী কোম্পানি পর্যায়ের করদাতা সম্মাননা হইবে ১৫ (পনেরো) টি:

| ক্রমিক | করদাতার প্রকৃতি | সম্মাননার সংখ্যা |
|---|---|---|
| (১) | সর্বোচ্চ কর প্রদানকারী কোম্পানি করদাতা | ১৫ |
| | মোট = | ১৫ |

৩.২.৪ সর্বোচ্চ কর প্রদানকারী ব্যবসায় খাতভিত্তিক কোম্পানি পর্যায়ের করদাতা সম্মাননা সংখ্যা হইবে নিম্নরূপ ২৪ (চব্বিশ) টি:

| ক্রমিক | ব্যবসায়ের খাত | সম্মাননার সংখ্যা |
|---|---|---|
| (১) | ব্যাংকিং | ১ |
| (২) | নন-ব্যাংকিং আর্থিক | ১ |
| (৩) | বীমা-লাইফ | ১ |
| (৪) | বীমা—নন লাইফ | ১ |
| (৫) | চিকিৎসা সেবা | ১ |
| (৬) | তৈরি পোশাক | ১ |
| (৭) | প্রকৌশল | ১ |
| (৮) | ইস্পাত প্রকৌশল | ১ |
| (৯) | কৃষি, খাদ্য ও আনুষঙ্গিক | ১ |
| (১০) | জ্বালানি | ১ |
| (১১) | পাট | ১ |
| (১২) | স্পিনিং ও টেক্সটাইল | ১ |
| (১৩) | ঔষধ ও রসায়ন | ১ |
| (১৪) | প্রিন্ট মিডিয়া | ১ |
| (১৫) | ইলেক্ট্রনিক মিডিয়া | ১ |
| (১৬) | রিয়েল এস্টেট | ১ |
| (১৭) | চামড়া শিল্প | ১ |
| (১৮) | শিক্ষা | ১ |
| (১৯) | পর্যটন | ১ |
| (২০) | চা শিল্প | ১ |
| (২১) | ট্রাস্ট | ১ |
| (২২) | সিরামিক | ১ |
| (২৩) | অন্যান্য | ২ |
| | মোট | ২৪ |

৩.৩ সেরা করদাতা সম্মাননা প্রদানের ক্ষেত্রে সর্বোচ্চ কর প্রদানকারী "পেশাজীবী শ্রেণি (ব্যক্তি)" ক্যাটাগরির করদাতা নির্ধারণের মানদণ্ড হইবে নিম্নরূপ:

| ক্রমিক | করদাতার প্রকৃতি | বিবরণ |
|---|---|---|
| ১. | বেতনভোগী | সকল সরকারি ও বেসরকারি বেতনভুক্ত কর্মচারী |
| ২. | চিকিৎসক | চিকিৎসা পেশায় নিয়োজিত বিএমডিসি কর্তৃক নিবন্ধিত সকল সরকারি ও বেসরকারি চিকিৎসক |
| ৩. | সাংবাদিক | বাংলাদেশ প্রেস কাউন্সিল কর্তৃক নিবন্ধিত প্রিন্ট মিডিয়া ও ইলেক্টনিক মিডিয়ায় কর্মরত সকল সাংবাদিক |
| ৪. | আইনজীবী | যেকোনো বিচারিক বা আধা-বিচারিক আদালত বা ট্রাইব্যুনালে আইন পেশায় নিয়োজিত সকল আইনজীবী (সরকারি ও বেসরকারি) |

| ক্রমিক | করদাতার প্রকৃতি | বিবরণ |
|---|---|---|
| ৫. | প্রকৌশলী | প্রকৌশল পেশায় নিয়োজিত সকল প্রকৌশলী (সরকারি ও বেসরকারি) |
| ৬. | স্থপতি | স্থাপত্য পেশায় নিয়োজিত সকল স্থপতি (সরকারি ও বেসরকারি) |
| ৭. | চার্টার্ড একাউন্ট্যান্ট/কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট | চার্টার্ড একাউন্ট্যান্ট ও কস্ট এন্ড ম্যানেজমেন্ট একাউন্ট্যান্ট পেশায় নিয়োজিত সকল ব্যক্তি |
| ৯. | খেলোয়াড় | সকল পেশাদার খেলোয়াড় |
| ১০. | শিল্পী | অভিনয় শিল্পী, কণ্ঠশিল্পী, নৃত্যশিল্পী, চিত্রশিল্পীসহ অনুরূপ সকল সাংস্কৃতিক কর্মী |

৩.৪ সেরা করদাতা সম্মাননা প্রদানের ক্ষেত্রে খাতভিত্তিক কোম্পানি পর্যায়ের করদাতার ক্যাটাগরির নির্ধারণের মানদণ্ড হইবে নিম্নরূপ:

| ক্রমিক | ক্যাটাগরি | বিবরণ |
|---|---|---|
| (১) | ব্যাংকিং | সকল তফসিলী ব্যাংক |
| (২) | নন-ব্যাংকিং আর্থিক | সকল লিজিং কোম্পানি, মার্চেন্ট ব্যাংক ও অন্য কোনো নন-ব্যাংকিং আর্থিক প্রতিষ্ঠান |
| (৩) | বিমা-লাইফ | সকল জীবন বিমা কোম্পানি |
| (৪) | বিমা-নন লাইফ | জীবন বিমা কোম্পানি ব্যতীত অন্যান্য বিমা কোম্পানি |
| (৫) | চিকিৎসা সেবা | চিকিৎসা সেবা প্রদানকারী কোম্পানি/ প্রতিষ্ঠান (লাইসেন্সধারী) |
| (৬) | তৈরি পোশাক | ওভেন, নীটওয়্যার প্রতিষ্ঠান |
| (৭) | প্রকৌশল | অটোমোবাইল, প্রকৌশল, প্রভৃতি |
| (৮) | ইস্পাত প্রকৌশল | ইস্পাত প্রস্তুতকারক |
| (৯) | কৃষি, খাদ্য ও আনুষঙ্গিক | কৃষি, ডেইরি ফার্ম, বিস্কুট ও বেকারি পণ্য প্রস্তুতকারক, দুগ্ধ উৎপাদনকারী, মৎস্য পশুপালন প্রভৃতি |
| (১০) | জ্বালানি | অয়েল রিফাইনারি, জ্বালানি তেল ও আনুষঙ্গিক দ্রব্য সরবরাহকারী প্রভৃতি |
| (১১) | পাট | পাট ও পাটজাত পণ্য ব্যবসায় নিয়োজিত কোম্পানি/প্রতিষ্ঠান |
| (১২) | স্পিনিং ও টেক্সটাইল | স্পিনিং মিলস, টেক্সটাইল মিলস প্রভৃতি |
| (১৩) | ঔষধ ও রসায়ন | ফার্মাসিউটিক্যালস, রসায়ন শিল্প প্রভৃতি |
| (১৪) | প্রিন্ট মিডিয়া | প্রিন্ট মিডিয়া |
| (১৫) | ইলেক্ট্রনিক মিডিয়া | ইলেকট্রনিক মিডিয়া, অনলাইন মিডিয়া প্রভৃতি |
| (১৬) | রিয়েল এস্টেট | ল্যান্ড ডেভেলপার, রিয়েল এস্টেট ডেভেলপার প্রভৃতি |
| (১৭) | চামড়া শিল্প | ক্রাস্ট/ফিনিশড্ |
| (১৮) | শিক্ষা | শিক্ষা প্রদানে নিয়োজিত প্রতিষ্ঠান যা সরকার কর্তৃক স্বীকৃত বা নিবন্ধিত |
| (১৯) | পর্যটন | পর্যটন সেবায় নিয়োজিত কোম্পানি/ প্রতিষ্ঠান |
| (২০) | চা শিল্প | চা ব্যবসায় নিয়োজিত কোম্পানি |
| (২১) | ট্রাস্ট | সকল প্রকার ট্রাস্ট |
| (২২) | সিরামিক | সিরামিক, স্যানিটারি পণ্য উৎপাদন/ব্যবসার সাথে জড়িত কোম্পানি |
| (২৩) | অন্যান্য | ক্রমিক (১) হইতে (২২) ব্যতীত প্রযোজ্য অন্যান্য সকল খাত |

**৪. সম্মাননা প্রদানের জন্য সেরা করদাতা নির্বাচনের শর্তাবলি:**

৪.১ এই নীতিমালা অনুযায়ী সম্মাননা প্রদানের জন্য করদাতা নির্বাচনের নিমিত্ত সর্বোচ্চ আয়কর প্রদানকারী করতাদাকে সংশ্লিষ্ট কর বৎসরসহ তৎপূর্ববর্তী কমপক্ষে ২ (দুই) বৎসরের নিয়মিত করদাতা হইতে হইবে;

৪.২ একই করদাতাকে একাধিক ক্যাটাগরিতে সেরা করদাতা সম্মাননা প্রদানের জন্য নির্বাচন করা যাইবে না। কোনো করদাতা একাধিক ক্যাটাগরিতে সম্মাননা প্রাপ্তির উপযুক্ত হইলে যে কোনো এক ক্যাটাগরিতে উক্ত করদাতাকে সেরা করদাতা সম্মাননা প্রদানের জন্য নির্বাচন করিতে হইবে;

৪.৩ কোনো অর্থ বৎসরে অব্যবহিত পূর্ববর্তী কর বৎসরের আয়কর রিটার্ন ও কর আরোপের আলোকে পরিশোধিত আয়করের পরিমাণের ভিত্তিতে বিবেচ্য করদাতাকে সেরা করদাতা সম্মাননা প্রদানের জন্য নির্বাচন করিতে হইবে। পরিশোধিত আয়কর বিবেচনার ক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ এর প্রথম তফসিল এর ১ম ও ২য় অংশ অনুযায়ী পরিশোধিত আয়কর বাদ দিতে হইবে;

৪.৪ এই নীতিমালার অনুচ্ছেদ ক্রমিক নং ৩.২.৫ ও ৩.২.৭ এর আওতায় পেশাজীবী শ্রেণি ও খাতভিত্তিক কোম্পানি পর্যায়ের সেরা করদাতা নির্বাচনের ক্ষেত্রে যথাক্রমে করদাতার সংশ্লিষ্ট খাতের পেশাগত আয় বা সম্মাননা প্রদানের ক্যাটাগরি সংশ্লিষ্ট খাতের আয় ছাড়াও অন্য কোনো উৎসের আয় থাকিলে শুধুমাত্র পেশাগত আয় বা সম্মাননা প্রদানের ক্যাটাগরি সংশ্লিষ্ট খাতের আয় অনুযায়ী পরিশোধিত আয়কর (মোট আয়ের উপর পরিশোধিত আয়করের গড়হারে নির্ণীত) সেরা করদাতা সম্মাননা প্রদানের নির্ণায়ক হইবে। এক্ষেত্রে কেবল মোট আয় অনুযায়ী পরিশোধিত আয়কর বিবেচনা করা হইবে না। তবে, একাধিক করদাতার সংশ্লিষ্ট খাতের পেশাগত আয় বা সম্মাননা প্রদানের ক্যাটাগরি সংশ্লিষ্ট খাতের আয় অনুযায়ী পরিশোধিত আয়কর সমান হইলে মোট পরিশোধিত করের ভিত্তিতে করদাতাকে নির্বাচন করিতে হইবে;

৪.৫ এই নীতিমালার উদ্দেশ্য পূরণকল্পে সরকার বা অন্য কোনো কর্তৃপক্ষ কর্তৃক পরিশোধিত কর বিবেচ্য প্রতিষ্ঠান/ব্যক্তির পরিশোধিত কর হিসাবে পরিগণিত হইবে না;

৪.৬ আয়কর আইন, ২০২৩ এর অধীন কোনো করদাতার আয়কর মামলা বিচারাধীন থাকিলে ১৭৩ বা ১৭৪ ধারায় পরিশোধকৃত আয়করের ভিত্তিতে সম্মাননা প্রদানের জন্য নির্বাচন করা যাইবে;

৪.৭ কোনো ক্যাটাগরিতে যোগ্য করদাতা না থাকিলে সেই ক্যাটাগরিতে সম্মাননা প্রদানের লক্ষ্যে অন্য ক্যাটাগরির করদাতাকে নির্বাচন করা যাইবে না।

৪.৮ এই নীতিমালা অনুযায়ী সম্মাননা প্রদানের জন্য নির্বাচিত সর্বোচ্চ আয়কর প্রদানকারী করদাতার মৃত্যুজনিত কারণে সংশ্লিষ্ট করদাতাকে মরণোত্তর সেরা করদাতা সম্মাননা প্রদান করা যাইবে।

**৫. সেরা করদাতা নির্বাচনের ক্ষেত্রে অযোগ্যতা**

নিম্নবর্ণিত ক্ষেত্রে কোনো করদাতাকে এই নীতিমালার অধীন সম্মাননা প্রদানের জন্য নির্বাচনের অযোগ্য বলিয়া বিবেচনা করা হইবে:

৫.১ আয়কর আইন, ২০২৩ এর ১৭৩ বা ১৭৪ ধারার বিধান অনুযায়ী কর পরিশোধে ব্যর্থ হইলে;

৫.২ করদাতার নিকট অবিতর্কিত বকেয়া কর পাওনা থাকিলে;

৫.৩ করদাতা কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে আয়কর আইন, ২০২৩ এর ১৬৬ ধারা ও ১৭৭ ধারা অনুযায়ী সশ্লিষ্ট কর বৎসরের আয়কর রিটার্ন এবং উৎসে করের রিটার্ন দাখিল না করা হইলে;

৫.৪ আন্তর্জাতিক লেনদেন আছে এইরূপ কোম্পানি কর্তৃক আয়কর আইন, ২০২৩ এর ২৩৮ ধারা অনুযায়ী নির্ধারিত ফর্মে আন্তর্জাতিক লেনদেন বিবরণী (Statement of International Transaction) দাখিল না করা হইলে;

৫.৫ করদাতার বিরুদ্ধে আয়কর বা দানকর ফাঁকির সুনির্দিষ্ট অভিযোগ থাকিলে অথবা এই সংশ্লিষ্ট পুনঃউন্মোচিত মামলা অনিষ্পন্ন থাকিলে;

৫.৬ আয়কর আইন, ২০২৩ এর অংশ ২২ এর যে কোনো ধারার অধীনে করদাতার বিরুদ্ধে ফৌজদারি অপরাধ ও বিচার এর কার্যক্রম গৃহীত হইলে;

৫.৭ অর্থঋণ আদালত কর্তৃক দণ্ডপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক তদন্ত অব্যাহত রহিয়াছে এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন বা যেকোনো স্টক এক্সচেঞ্জ বা যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক কোনো কোম্পানি বা ফার্ম বা ব্যক্তির শেয়ার লেনদেনের বিষয়ে প্রদত্ত স্থগিতাদেশ বা শাস্তিমূলক ব্যবস্থা চলমান থাকিলে, আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে কোনো মামলা বিচারাধীন থাকিলে অথবা দুর্নীতি দমন কমিশনে মামলা দায়ের ও দণ্ডপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান মনোনয়নের যোগ্য হইবেন না। তবে দণ্ড ভোগ করিবার ৫ (পাঁচ) বৎসর অতিবাহিত হইবার পর দণ্ডপ্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠান মনোনয়নের যোগ্য বলিয়া বিবেচিত হইবেন;

৫.৮ করদাতা ব্যাংক, আর্থিক প্রতিষ্ঠানসহ কোনো অর্থলগ্নীকারী প্রতিষ্ঠানের নিকট ঋণ খেলাপী হইবে;

৫.৯ সম্মাননা প্রদানের জন্য মনোনয়ন প্রত্যাশী করদাতার সংশ্লিষ্ট বৎসরে ঋণ পুনঃতফসিল করা হইলে;

৫.১০ কাস্টমস আইন, ২০২৩; মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২; এক্সাইজ ও সল্ট এ্যাক্ট, ১৯৪৪ বা দানকর আইন, ১৯৯০ এর আওতায় করদাতার নিকট অবিতর্কিত শুল্ক, মূল্য সংযোজন কর, আবগারি শুল্ক বা দানকর পাওনা থাকিলে।

**৬. সেরা করদাতা সম্মাননা প্রদানের লক্ষ্যে নির্বাচন পদ্ধতি:**

৬.১ প্রাথমিক বাছাই কমিটি, বাছাই কমিটি এবং চূড়ান্ত নির্বাচন কমিটির মাধ্যমে সেরা করদাতা সম্মাননা প্রদানের জন্য করদাতা নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন হইবে;

৬.২ প্রতি অর্থবছরের ০১—৩০ জুলাই তারিখের মধ্যে সকল কর অঞ্চল বিভিন্ন ক্যাটাগরিতে করদাতা সম্মাননা পাওয়ার যোগ্য করদাতার প্রাথমিক তালিকা জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন;

৬.৩ প্রতি অর্থবছরের ০১ আগস্ট হইতে ৩০ সেপ্টেম্বর তারিখের মধ্যে কর অঞ্চল হইতে প্রাপ্ত তালিকা প্রাথমিক বাছাই কমিটি যাচাই-বাছাইপূর্বক করদাতাদের প্রাথমিক তালিকা প্রণয়নকরতঃ বাছাই কমিটির নিকট দাখিল করিবে;

৬.৪ প্রতি অর্থবছরের ০১ অক্টোবর হইতে ০৭ নভেম্বর তারিখের মধ্যে প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক প্রণীত তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তি ও কোম্পানি পর্যায়ের করদাতার অর্থঋণ আদালত হইতে দণ্ডপ্রাপ্তি সংক্রান্ত তথ্য, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক তদন্ত অব্যাহত রহিয়াছে এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য, ঋণ খেলাপী বা ঋণ পুনঃতফসিল সংক্রান্ত তথ্য, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন বা যেকোনো স্টক এক্সচেঞ্জ বা যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক কোনো কোম্পানি বা ফার্ম বা ব্যক্তির শেয়ার লেনদেনের বিষয়ে প্রদত্ত স্থগিতাদেশ বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত তথ্য, শুল্ক, মূল্য সংযোজন কর, আবগারি শুল্ক পাওনা সংক্রান্ত তথ্য, দুর্নীতি দমন কমিশনে মামলা দায়ের ও দণ্ডপ্রাপ্তি সংক্রান্ত তথ্য, এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার তথ্যের জন্য বাছাই কমিটি কর্তৃক যথাক্রমে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, স্টক এক্সচেঞ্জ, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক ও মূল্য সংযোজন কর অনুবিভাগ, দুর্নীতি দমন কমিশন এবং আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রেরণ; এবং প্রাপ্ত তথ্য পর্যালোচনা করিয়া প্রাথমিক বাছাই কমিটি প্রণীত তালিকা পরিমার্জনপূর্বক চূড়ান্ত নির্বাচন কমিটির নিকট (অভ্যন্তরীণ সম্পদ বিভাগে) প্রেরণ করিবে। প্রেরিত পত্রে নির্ধারিত তারিখের মধ্যে প্রাথমিকভাবে নির্বাচিত করদাতার বিষয়ে কোনো তথ্য পাওয়া না গেলে করদাতার বিষয়ে সংশ্লিষ্ট বিভাগ/ দপ্তরের কোনো বিরূপ মন্তব্য বা আপত্তি নাই বলিয়া বিবেচিত/গণ্য করিতে হইবে;

৬.৫ প্রতি অর্থবছরের ০৮—২৫ নভেম্বর তারিখের মধ্যে বাছাই কমিটি কর্তৃক প্রণীত করদাতার তালিকা চূড়ান্ত নির্বাচন কমিটি কর্তৃক চূড়ান্তকরণ;

৬.৬ প্রতি অর্থবছরের ২৬—৩০ নভেম্বর তারিখের মধ্যে সেরা করদাতা সম্মাননাপ্রাপ্ত করদাতাগণের নীতিমালায় উল্লিখিত সুবিধাদি নিশ্চিত করিবার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগ, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, রেলপথ মন্ত্রণালয়, নৌপরিবহন মন্ত্রণালয়, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ও জনপ্রশাসন মন্ত্রণালয়কে প্রয়োজনীয় নির্দেশনার জন্য অর্ভন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক এ সংক্রান্ত জারীকৃত প্রজ্ঞাপনের অনুলিপি মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করিতে হইবে;

৬.৭ সেরা করদাতা সম্মাননা প্রদানের জন্য করদাতা নির্বাচনের ক্ষেত্রে সরকার এর সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

**৭.০ সেরা করদাতা সম্মাননা প্রদানের লক্ষ্যে কমিটি গঠন:**

**৭.১ প্রাথমিক বাছাই কমিটি**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ১ | প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ) | আহ্বায়ক |
| ২ | প্রথম সচিব (লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট) | সদস্য |
| ৩ | অতিরিক্ত কর কমিশনার/যুগ্ম কর কমিশনার পদমর্যাদার সর্বোচ্চ ০৫ জন কর্মকর্তা (কো-অপ্টকৃত) | সদস্য |
| ৪ | দ্বিতীয় সচিব (কর) পর্যায়ের দুজন কর্মকর্তা (কো-অপ্টকৃত) | সদস্য |
| ৫ | উপ কর কমিশনার/সহকারী কর কমিশনার পদমর্যাদার প্রয়োজনীয় সংখ্যক কর্মকর্তা (কো-অপ্টকৃত) | সদস্য |
| ৬ | দ্বিতীয় সচিব (কর পরিবীক্ষণ ও সমন্বয়) | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) সেরা করদাতা সম্মাননা প্রদানের লক্ষ্যে কর অঞ্চল হইতে প্রাপ্ত তালিকা বাছাইপূর্বক সর্বোচ্চ কর প্রদানের ভিত্তিতে ক্যাটাগরি ভিত্তিক করদাতাদের প্রাথমিক তালিকা প্রণয়ন করিব;

(খ) প্রতি অর্থবছরের ০১ আগস্ট হইতে ৩০ সেপ্টেম্বর তারিখের মধ্যে প্রত্যেক সম্মাননার বিপরীতে সর্বোচ্চ ০৫ (পাঁচ) জন করদাতার তালিকা বাছাইপূর্বক বাছাই কমিটির আহ্বায়কের নিকট দাখিল করিবেন।

**৭.২ বাছাই কমিটি**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ১. | সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) | আহ্বায়ক |
| ২. | সদস্য (করনীতি) | সদস্য |
| ৩. | সদস্য (লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট) | সদস্য |
| ৪. | সদস্য (কর আপীল ও অব্যাহতি) | সদস্য |
| ৫. | কর কমিশনার, কর অঞ্চল-১, ঢাকা | সদস্য |
| ৬. | কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট | সদস্য |
| ৭. | অভ্যন্তরীণ সম্পদ বিভাগের প্রতিনিধি | সদস্য |
| ৮. | জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক ও মূল্য সংযোজন কর অনুবিভাগের একজন প্রতিনিধি | সদস্য |
| ৯. | বাংলাদেশ ব্যাংকের একজন প্রতিনিধি | সদস্য |
| ১০. | এফবিসিআই কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |
| ১১. | প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ) | সদস্য-সচিব |

**কমিটির কার্যপরিধি:**

(ক) প্রতি অর্থবছরের ০১ অক্টোবর হইতে ০৭ নভেম্বর তারিখের মধ্যে করদাতা সম্মাননা প্রদানের লক্ষ্যে প্রাথমিক বাছাই কমিটি কর্তৃক প্রণীত তালিকায় অন্তর্ভুক্ত ব্যক্তি ও কোম্পানি পর্যায়ের করদাতার অর্থঋণ আদালত হইতে দণ্ডপ্রাপ্তি সংক্রান্ত তথ্য, বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিট কর্তৃক তদন্ত অব্যাহত রহিয়াছে এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য, ঋণ খেলাপী সংক্রান্ত তথ্য, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন বা যেকোনো স্টক এক্সচেঞ্জ বা যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক কোনো কোম্পানি বা ফার্ম বা ব্যক্তির শেয়ার লেনদেনের বিষয়ে প্রদত্ত স্থগিতাদেশ বা শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ সংক্রান্ত তথ্য, শুল্ক, মূল্য সংযোজন কর, আবগারি শুল্ক পাওনা সংক্রান্ত তথ্য, দুর্নীতি দমন কমিশনে মামলা দায়ের ও দণ্ড প্রাপ্তি সংক্রান্ত তথ্য, এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালে বিচারাধীন মামলার তথ্যের জন্য বাছাই কমিটি যথাক্রমে বাংলাদেশ ব্যাংক, বাংলাদেশ সিকিউরিটিজ এক্সচেঞ্জ কমিশন, স্টক এক্সচেঞ্জ, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর, জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক ও মূল্য সংযোজন কর অনুবিভাগ, দুর্নীতি দমন কমিশন এবং আইন মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগে প্রেরণ করিবে;

(খ) ৭.২ (ক) উপানুচ্ছেদ অনুযায়ী প্রাথমিক বাছাই কমিটি হইতে প্রাপ্ত তালিকায় অন্তর্ভুক্ত করদাতাদের প্রাপ্ত তথ্য পর্যালোচনা করিয়া পরিশিষ্ট-১, পরিশিষ্ট-২, পরিশিষ্ট-৩ ও পরিশিষ্ট-৪ অনুযায়ী বাছাইকৃত প্রত্যেক সম্মাননার বিপরীতে সর্বোচ্চ ০৩ জন করদাতার তালিকা অভ্যন্তরীণ সম্পদ বিভাগে প্রেরণ করিবে।

**৭.৩ চূড়ান্ত নির্বাচন কমিটি:**

| ক্রমিক নং | কর্মকর্তার পদবি ও কর্মস্থল | কমিটির পদ |
|---|---|---|
| ১. | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | আহ্বায়ক |
| ২. | সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা) | সদস্য |
| ৩. | যুগ্ম সচিব (কর অনুবিভাগ), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য |
| ৪. | জনপ্রশাসন মন্ত্রণালয়ের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৫. | অর্থ বিভাগের উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৬. | প্রথম সচিব (কর পরিবীক্ষণ ও প্রশিক্ষণ) | সদস্য |
| ৭. | জাতীয় রাজস্ব বোর্ডের শুল্ক ও মূল্য সংযোজন কর অনুবিভাগের একজন প্রতিনিধি (প্রথম সচিব/ অতিরিক্ত কর কমিশনার এর নিম্নে নহে) | সদস্য |
| ৮. | উপসচিব (কর অধিশাখা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | সদস্য-সচিব |

**চূড়ান্ত নির্বাচন কমিটির কার্যপরিধি:**

প্রতি অর্থবছরের ০৮—২৫ নভেম্বর তারিখের মধ্যে বাছাই কমিটি কর্তৃক প্রেরিত করদাতার তালিকা হইতে সেরা করদাতা সম্মাননা প্রদানের লক্ষ্যে চূড়ান্তভাবে সেরা করদাতা নির্বাচন করিবে।

**৮. সেরা করদাতা সম্মাননা**

৮.১ সেরা করদাতা সম্মাননা প্রাপ্ত ব্যক্তি করদাতার ক্ষেত্রে করদাতা স্বয়ং এবং কোম্পানি করদাতার ক্ষেত্রে উক্ত করদাতা কোম্পানি কর্তৃক মনোনীত কোম্পানির ২ (দুই) জন ব্যক্তি সেরা করদাতা কার্ডধারী হিসাবে গণ্য হইবেন;

৮.২ সরকার কর্তৃক নির্ধারিত সময়ে সম্মাননা প্রদানের জন্য নির্বাচিত প্রত্যেক করদাতাকে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের তত্ত্বাবধানে জাতীয় রাজস্ব বোর্ডের ব্যবস্থাপনায় কেন্দ্রীয়ভাবে অনুষ্ঠান আয়োজনের মাধ্যমে সেরা সম্মাননা সনদ, করদাতা কার্ড এবং ক্রেস্ট প্রদান করা হইবে;

৮.৩ সংশ্লিষ্ট মেয়াদে অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে সেরা করদাতা সম্মাননা কার্ড প্রাপ্ত কোম্পানি ও করদাতার ছবিসহ নাম প্রদর্শন/প্রকাশ করা হইবে।

**৯. সেরা করদাতা সম্মাননা প্রাপ্ত করদাতার প্রাপ্ত সুবিধাদি**

সেরা করদাতা সম্মাননাপ্রাপ্ত করদাতাগণ নিম্নবর্ণিত সুবিধাদি প্রাপ্য হইবেন, যথা:

৯.১ সংশ্লিষ্ট জেলা প্রশাসন, সিটি কর্পোরেশন ও পৌরসভাসহ স্থানীয় সরকার কর্তৃক আয়োজিত বিভিন্ন জাতীয় অনুষ্ঠানে আমন্ত্রণ;

৯.২ সংশ্লিষ্ট জেলায় সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে আমন্ত্রণ;

৯.৩ সার্কিট হাউসে কক্ষ প্রাপ্তিতে অগ্রাধিকার; তারকা হোটেলসহ সকল আবাসিক হোটেলে বুকিং প্রাপ্তিতে অগ্রাধিকার।

৯.৪ সেরা করদাতা পুরস্কার প্রাপ্ত করদাতার স্ত্রী/স্বামী, নির্ভরশীল পুত্র-কন্যা ও নিজের চিকিৎসার জন্য সংশ্লিষ্ট জেলায় অবস্থিত সরকারি হাসপাতালের কেবিন সুবিধা প্রাপ্তিতে অগ্রাধিকার;

৯.৫ বিমান বন্দর, রেলস্টেশন এবং লঞ্চ টার্মিনালের ভি আই পি লাউঞ্জ ব্যবহার;

৯.৬ জাতীয় পর্যায় ও বাংলাদেশ অনুষ্ঠিত আন্তর্জাতিক পর্যায়ের ক্রীড়া প্রদর্শনীতে টিকেট প্রাপ্তিতে অগ্রাধিকার।

৯.৭ বিআরটিএ এবং পাসপোর্ট অফিসে সেবা পাওয়ার অগ্রাধিকার;

**১০. সেরা করদাতা সম্মাননা কার্ডের মেয়াদ ও ব্যবহার:**

সেরা করদাতা সম্মাননা প্রাপ্ত করদাতার নামের গেজেট প্রকাশের পরবর্তী ১২ (বারো) মাস সম্মাননা কার্ডের মেয়াদ ও সুবিধাদি বহাল থাকিবে। মেয়াদকাল উত্তীর্ণ হইবার পর সম্মাননা কার্ডের জন্য প্রদত্ত সুবিধা বহাল থাকিবে না।

**১১. সেরা করদাতা সম্মাননা প্রত্যাহার করিবার ক্ষমতা:**

অনিবার্য কারণে সেরা করদাতা সম্মাননা প্রত্যাহার করিবার ক্ষমতা সরকার সংরক্ষণ করিবে।

**১২. নীতিমালা স্পষ্টীকরণ:**

এই নীতিমালার বিষয়ে কোনো স্পষ্টীকরণের প্রয়োজনীতা দেখা দিলে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাসুদুর রহমান**
সিনিয়র সহকারী সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**(বীমা অধিশাখা)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫৩.০০.০০০০.০০০.৪১১.১১.০০০৭.২৬.৩৪৪**—বীমা কর্পোরেশন আইন, ২০১৯-এর ধারা ৯(১)(ক) অনুযায়ী জনাব এম নাসীম আলী-কে জীবন বীমা কর্পোরেশনের পরিচালনা বোর্ডের পরিচালক ও চেয়ারম্যান হিসেবে তাঁর যোগদানের তারিখ থেকে ৩ (তিন) বছরের জন্য নিয়োগ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আবরাউল হাছান মজুমদার**
উপসচিব।

## জাতীয় রাজস্ব বোর্ড
## [কাস্টমসঃ রপ্তানি ও বন্ড শাখা]

### প্রজ্ঞাপন

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/০৭ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫০/২০২৬/কাস্টমস/৫১৬**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২ (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সধারী প্রতিষ্ঠান মেসার্স ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-১২৫/কাস/এসবিডব্লিউ/৮৪, তারিখঃ ০২-০৮-১৯৮৪ খ্রি.]-এর অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতার অতিরিক্ত আমদানি বাবদ ১,০৪,২৬৫.১৩ মার্কিন ডলার এবং ২০২৬-২০২৭ অর্থবছরের খালাস ও ইন্টু-বন্ডকৃত পণ্যচালানের কাস্টমস কর্তৃক শুল্কায়নকৃত মূল্য বাবদ ৩,২১,১৬৫.৯৫ মার্কিন ডলার বিয়োজন-পূর্বক ২০২৬-২০২৭ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা:

| ক্র. নং | প্রতিষ্ঠানের নাম | ২০২৬-২০২৭ অর্থছরের নির্ধারিত আমদানি প্রাপ্যতা |
|---|---|---|
| ১. | ইস্টার্ন ডিপ্লোমেটিক সার্ভিসেস লিমিটেড | ১২,০০,০০০.০০ (বারো লক্ষ) মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**কাজী রায়হানুজ্জামান**
দ্বিতীয় সচিব (কাস্টমসঃ রপ্তানি ও বন্ড)।

---

## বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
## বিপ্র-৭ শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩/১০ সেপ্টেম্বর ২০২৬

নং **৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৩.২৬-১৬৪**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থাবছরে 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক অর্থায়নের সুপারিশ প্রণয়নের জন্য 'ফিজিক্যাল সায়েন্স কমিটি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

**আহ্বায়ক**

১ অধ্যাপক ড. মো. আবদুস সালাম, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৫৫২-৩৭৯৩৭৬)।

**সদস্যবৃন্দ**

২ অধ্যাপক ড. এ কে এম আখতার হোসেন, ফেলো, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী (০১৯৩০-০৮০৫৭৫)।

৩ অধ্যাপক ড. মো. শফিকুল ইসলাম, পদার্থ বিজ্ঞান বিভাগ, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা (০১৮১৭-৫১৫০৬১)।

৪ জনাব সুরভী ইসলাম, চিফ সাইন্টিফিক অফিসার, বিসিএসআইআর, ঢাকা (০১৭১৫-৮৪০৫০৩)।

**সদস্য-সচিব**

৫ জনাব ফেরদৌস আহাম্মদ, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (০১৭১৬-২৬৯৫৯৭)।

২। কমিটির কার্যপরিধি/শর্তাবলি নিম্নরূপ:

(ক) কমিটি প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পে অনুদান সংক্রান্ত সংশোধিত সাধারণ নীতিমালা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও যাচাই-বাছাই করে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) সদস্য-সচিব কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(গ) সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঘ) অতিরিক্ত সচিব (বিপ্র) অনুবিভাগ কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। সকল কমিটির কার্যক্রম উপদেষ্টা মহোদয় পর্যালোচনা ও পরিবীক্ষণ করবেন এবং কমিটি উপদেষ্টা মহোদয়ের সঙ্গে আলোচনাপূর্বক সভা আহ্বান ও যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করবেন।

(ঙ) কমিটির উপদেষ্টা, আহ্বায়ক, সদস্যগণ ও সদস্য সচিব বিধি মোতাবেক সম্মানি ভাতা ও আপ্যায়ন ব্যয় প্রাপ্য হবেন। তবে TA/DA সংশ্লিষ্ট নিজ নিজ প্রতিষ্ঠান থেকে গ্রহণ করবেন।

(চ) কমিটির উপদেষ্টা/আহ্বায়ক/সদস্যবৃন্দ, প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন/মনিটরিং এর জন্য গঠিত মনিটরিং, টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

নং **৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৩.২৬-১৬৫**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থবছরে 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক অর্থায়নের সুপারিশ প্রণয়নের জন্য 'এপ্লাইড সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং কমিটি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো:

**আহ্বায়ক**

১ অধ্যাপক ড. এ এফ এম মোস্তাফিজুর রহমান, ফলিত রসায়ন ও কেমিকৌশল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৯১৪-৮৬১০৯৮)।

**সদস্যবৃন্দ**

২ অধ্যাপক ড. ফারসীম মান্নান মোহাম্মদী, ইলেকট্রি-ক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৭১৫-০৪৪৪৭৪)।

৩ অধ্যাপক ড. মো. সাইদুর রহমান, ফেলো, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী, ঢাকা-(০১৮১৯-৪৮২১৩৬)।

৪ অধ্যাপক ড. মো. আতিকুর রহমান পাটোয়ারী, পদার্থবিজ্ঞান বিভাগ, রাজশাহী বিশ্ববিদ্যালয়, রাজশাহী (০১৭১৮-২৭৯৬৫৩)।

**সদস্য-সচিব**

৫ জনাব এ. এস. এম. মোসা, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (০১৭১৭-৯৯৫০৭৯)।

২। **কমিটির কার্যপরিধি/শর্তাবলি নিম্নরূপঃ**

(ক) কমিটি প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পে অনুদান সংক্রান্ত সংশোধিত সাধারণ নীতিমালা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও যাচাই-বাছাই করে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) সদস্য-সচিব কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(গ) সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঘ) অতিরিক্ত সচিব (বিপ্র) অনুবিভাগ কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। সকল কমিটির কার্যক্রম উপদেষ্টা মহোদয় পর্যালোচনা ও পরিবীক্ষণ করবেন এবং কমিটি উপদেষ্টা মহোদয়ের সঙ্গে আলোচনাপূর্বক সভা আহ্বান ও যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করবেন।

(ঙ) কমিটির উপদেষ্টা, আহ্বায়ক, সদস্যগণ ও সদস্য সচিব বিধি মোতাবেক সম্মানি ভাতা ও আপ্যায়ন ব্যয় প্রাপ্য হবেন। তবে TA/DA সংশ্লিষ্ট নিজ নিজ প্রতিষ্ঠান থেকে গ্রহণ করবেন।

(চ) কমিটির উপদেষ্টা/আহ্বায়ক/সদস্যবৃন্দ, প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন/মনিটরিং এর জন্য গঠিত মনিটরিং, টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

নং **৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৩.২৬-১৬৬**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থবছরে 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক অর্থায়নের সুপারিশ প্রণয়নের জন্য 'এগ্রিকালচার এন্ড এনভায়রনমেন্ট কমিটি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**আহ্বায়ক**

১ ড. মোঃ হাম্মাদুর রহমান, অধ্যাপক কৃষি সম্প্রসারণ শিক্ষা বিভাগ, কৃষি অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্বাবদ্যালয়, ময়মনসিংহ (০১৭২৬-৬৬৬৭৬৭)।

**সদস্যবৃন্দ**

২ অধ্যাপক ড. এম. রফিকুল ইসলাম, ফেলো, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী, ঢাকা-(০১৭১১-৯৮৫৪১৪)।

৩ অধ্যাপক ড. মোঃ মনিরুজ্জামান, ভূগোল ও পরিবেশ বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৭১৬-০২২৫৫৬০)।

৪ অধ্যাপক ড. মো. হাবিবুল্লাহ-আল-মামুন, মৎস্যবিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

**সদস্য-সচিব**

৫ জনাব মোঃ নাজমুল ইসলাম, সিনিয়র সহকারী সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (০১৭৭৭-৬৯৬৭৪৭)।

২। **কমিটির কার্যপরিধি/শর্তাবলি নিম্নরূপঃ**

(ক) কমিটি প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পে অনুদান সংক্রান্ত সংশোধিত সাধারণ নীতিমালা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও যাচাই-বাছাই করে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) সদস্য-সচিব কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(গ) সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঘ) অতিরিক্ত সচিব (বিপ্র) অনুবিভাগ কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। সকল কমিটির কার্যক্রম উপদেষ্টা মহোদয় পর্যালোচনা ও পরিবীক্ষণ করবেন এবং কমিটি উপদেষ্টা মহোদয়ের সঙ্গে আলোচনাপূর্বক সভা আহ্বান ও যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করবেন।

(ঙ) কমিটির উপদেষ্টা, আহ্বায়ক, সদস্যগণ ও সদস্য সচিব বিধি মোতাবেক সম্মানি ভাতা ও আপ্যায়ন ব্যয় প্রাপ্য হবেন। তবে TA/DA সংশ্লিষ্ট নিজ নিজ প্রতিষ্ঠান থেকে গ্রহণ করবেন।

(চ) কমিটির উপদেষ্টা/আহ্বায়ক/সদস্যবৃন্দ, প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন/মনিটরিং এর জন্য গঠিত মনিটরিং, টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

নং **৩৯.০০.০০০০.০০০.২০৭.০২.০০০৩.২৬-১৬৭**—বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২৬-২০২৭ অর্থবছরে 'প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পে' অনুদান প্রদানের লক্ষ্যে প্রাপ্ত প্রকল্প প্রস্তাব যাচাই-বাছাইপূর্বক অর্থায়নের সুপারিশ প্রণয়নের জন্য 'জীববিদ্যা, চিকিৎসাবিদ্যা ও পুষ্টিবিদ্যা কমিটি' যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলোঃ

**আহ্বায়ক**

১ অধ্যাপক ড. মো. রুহুল আমীন, পুষ্টি ও খাদ্য বিজ্ঞান ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা (০১৮১৯-৫০৪৪৩৪)।

**সদস্যবৃন্দ**

২ অধ্যাপক ড. দিলারা আলো, অধ্যাপক ও বিভাগীয় প্রধান, নিওনেটোলজি বিভাগ, মুগদা মেডিকেল কলেজ, ঢাকা (০১৭১৮-৩০৪২২৬)।

৩ প্রফেসর ড. চৌধুরী রফিকুল আহসান, ফেলো, বাংলাদেশ বিজ্ঞান একাডেমী, ঢাকা (০১৮১৯-৪০১১৮৫)।

৪ ড. মোঃ আব্দুস সাত্তার মিঞা, পরিচালক, বিটিআইআর, বিসিএসআইআর, ঢাকা (০১৫৫২-৩৬৩৪৪৯)।

**সদস্য-সচিব**

৫ জনাব সুমন মেহেদী, উপসচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, ঢাকা (০১৯৩৭-৪৫৫২১৮)।

২। **কমিটির কার্যপরিধি/শর্তাবলি নিম্নরূপ:**

(ক) কমিটি প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক প্রকল্পে অনুদান সংক্রান্ত সংশোধিত সাধারণ নীতিমালা অনুযায়ী প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ পুঙ্খানুপুঙ্খভাবে পর্যালোচনা ও যাচাই-বাছাই করে আগামী ৩০ সেপ্টেম্বর, ২০২৬ তারিখের মধ্যে অর্থায়নের বিষয়ে সুপারিশ প্রদান করবে।

(খ) সদস্য-সচিব কমিটির আহ্বায়কের সঙ্গে পরামর্শক্রমে সভা আহ্বান, সভার কার্যবিবরণী প্রস্তুত এবং অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করবেন।

(গ) সভায় কমিটির দুই-তৃতীয়াংশ সদস্য উপস্থিত থাকলে কোরাম হয়েছে মর্মে ধরে নেয়া যাবে।

(ঘ) অতিরিক্ত সচিব (বিপ্র) অনুবিভাগ কমিটির উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করবেন। সকল কমিটির কার্যক্রম উপদেষ্টা মহোদয় পর্যালোচনা ও পরিবীক্ষণ করবেন এবং কমিটি উপদেষ্টা মহোদয়ের সঙ্গে আলোচনাপূর্বক সভা আহ্বান ও যাচাই বাছাই কার্যক্রম পরিচালনা করবেন।

(ঙ) কমিটির উপদেষ্টা, আহ্বায়ক, সদস্যগণ ও সদস্য সচিব বিধি মোতাবেক সম্মানি ভাতা ও আপ্যায়ন ব্যয় প্রাপ্য হবেন। তবে TA/DA সংশ্লিষ্ট নিজ নিজ প্রতিষ্ঠান থেকে গ্রহণ করবেন।

(চ) কমিটির উপদেষ্টা/আহ্বায়ক/সদস্যবৃন্দ, প্রযুক্তি উদ্ভাবন, গবেষণা ও উন্নয়নমূলক (R&D) প্রকল্পসমূহ সরেজমিনে পরিদর্শন/মনিটরিং এর জন্য গঠিত মনিটরিং, টিমকে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাজমুল ইসলাম**
সিনিয়র সহকারী সচিব।

---

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**
**ডি-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৮ ভাদ্র ১৪৩৩/০২ সেপ্টেম্বর ২০২৬

নং **২৩.০০.০০০০.০০০.০১০.২২.০০০৯.২৫-২৫৪**—Bangladesh War Course নামীয় দুইটি Short Service (1st Short Service এবং 2nd Short Service)-কে 1st Bangladesh Liberation War Course এবং 2nd Bangladesh Liberation War Course হিসেবে নামকরণ করা হলো :

| ক্রমিক | পূর্বের নাম | বর্তমান নাম | মন্তব্য |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | Bangladesh War Course<br>[Short Service (1st Short Service)] | 1st Bangladesh Liberation War Course | |
| ২। | Bangladesh War Course<br>[Short Service (2nd Short Service)] | 2nd Bangladesh Liberation War Course | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**নাহিদা পারভীন**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৫.২৪.২১৯**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নম্বর আইন)-এর ধারা ১৪৪ এর (১) নম্বর উপধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে নতুন জরিপ আরম্ভকরণের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | | | | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সি. এস | এস. এ | দিয়ারা | প্রস্তাবিত | | | |
| ০১ | নবগ্রাম | - | - | ২৯৬ | ২৩৯ | নোয়াখালী সদর | নোয়াখালী | ২৬৫১.১৬ |
| ০২ | উত্তর বাউগগার চর | - | - | ২৯৯ | ২৬৩ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৯৬৭.৮৬ |
| ০৩ | মধ্য বাউগগার চর | - | - | ৩০০ | ২৬৪ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৬৯৫.৮৯ |

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | | | | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | সি. এস | এস. এ | দিয়ারা | প্রস্তাবিত | | | |
| ০৪ | দক্ষিণ বাউগগার চর | - | - | ৩০১ | ২৬৫ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৯৬১.৬১ |
| ০৫ | বাউগগার চর | - | - | ৩০২ | ২৬৬ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৫৫৯.৫০ |
| ০৬ | চর জিয়াউদ্দিন | - | - | ৩১১ | ২৬৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৪০.০০ |
| ০৭ | ধানের শীষ | - | - | ২৯৮ | ২৭৬ | নোয়াখালী সদর | নোয়াখালী | ৭৪১.৪৫ |
| ০৮ | বৈশাখী | - | - | ২৯৭ | ২৭৭ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৮৪৪.০৯ |
| ০৯ | চর মজিদ | - | - | ৩০৩ | ২৮৫ | নোয়াখালী সদর | নোয়াখালী | ২৭২৪.০২ |
| ১০ | চর লক্ষ্মী | - | ২৬৪ | ২৬৬ | ২৯৪ | নোয়াখালী সদর | নোয়াখালী | ৩৬৯০.৭৮ |
| ১১ | উরির চর | - | - | ৩০৬ | ২৯৫ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৬০৪.৫০ |
| ১২ | পশ্চিম উরির চর | - | - | ৩০৫ | ২৯৬ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৬১৯.২৫ |
| ১৩ | পূর্ব্ব চর মজিদ | - | - | ৩০৪ | ২৯৮ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১৮৩১.৮৮ |
| ১৪ | দক্ষিণ চর মজিদ | - | - | ৩০৭ | ২৯৯ | নোয়াখালী সদর | নোয়াখালী | ২৩৮০.১৮ |
| ১৫ | চর বায়োজিদ | - | - | ৩১০ | ৩০০ | নোয়াখালী সদর | নোয়াখালী | ৮৩৩.৯৯ |
| ১৬ | চর নোমান | - | - | ৩০৯ | ৩০১ | নোয়াখালী সদর | নোয়াখালী | ১১৬১.৫৬ |
| ১৭ | কনক গ্রাম | - | - | ৩০৮ | ৩০২ | নোয়াখালী সদর | নোয়াখালী | ২০৭৪.৫৫ |
| ১৮ | চর পার্বতী | ১৩ | ১৩ | ১৩ | ১৩ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ৪৩৭২.০০ |
| ১৯ | চর কালী | ১৯ | ২০ | ২০ | ২১ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ৬৮৯.৮৯ |
| ২০ | চর বড়ধলী | ২৬ | ২২ | ২২ | ২৬ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ৭৩৪.৫৩ |
| ২১ | চর মওদুদ | - | - | ৩৯ | ২৭ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ২২১৭.২১ |
| ২২ | দক্ষিণ চর ইলাহী | ২৪ | ২৬/২৪ | ৩৪/২৪ | ৩৪ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ৪৭৫.০০ |
| ২৩ | চর বালুয়া | ২৪ | ২৮/২৪ | ২৮/২৪ | ৩৫ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ৩৯৭৪.৫০ |
| ২৪ | গুচ্ছগ্রাম | - | - | ৩৭ | ৩৯ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ২১৯.৬০ |
| ২৫ | চর এনায়েত | - | - | ৪০ | ৪১ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী | ২৫৩৫.০১ |
| ২৬ | চর মন্ডল | ০৫ | ৪৪ | ৪৪ | ৪৪ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ২৪৩৫.১৫ |
| ২৭ | চর বুহিতা | ৬৫ | ৪৫ | ১৫ | ৪৫ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ১৬৯০.৫০ |
| ২৮ | টুমচর | ২৬০ | ৯০ | ৯০ | ৯০ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ১৮৩৯.০৫ |
| ২৯ | চর বালামমারা | ২৫৪ | ৯৪ | ৯৪ | ৯৪ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ৫২৭.৪৪ |
| ৩০ | শাকচর | ২৫৫ | ৯৫ | ৯৫ | ৯৫ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ১৩৩২.৪৩ |
| ৩১ | ডিক্সামানিক | ২৫৬ | ৯৬ | ৯৬ | ৯৬ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ৪৪.৯৭ |
| ৩২ | চর ভেবারিজ | - | - | ৯৯ | ১০৩ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ১৩২৪.৪৬ |
| ৩৩ | জগৎ বেড় | ২৫৭ | ৯৭ | ৯৭ | ১০৫ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ৪৩৫.০৯ |
| ৩৪ | কালীর চর | ২৫৮ | ১০৪ | ১০৪ | ১০৬ | লক্ষ্মীপুর সদর | লক্ষ্মীপুর | ১০৭৬.৫৫ |
| ৩৫ | কৃষ্ণপুরা | - | - | - | ১৫ | রামগতি | লক্ষ্মীপুর | ১৭১৫.৬৮ |
| ৩৬ | জগজ্জীবনপুর | ৩০৯ | ২২৭ | ২২৭ | ১৩০ | ফেনী সদর | ফেনী | ৫১.৩০ |
| ৩৭ | চর কালীদাস | ৩১১ | ২২৮ | ২২৮ | ১৩১ | ফেনী সদর | ফেনী | ১৪৭২.১৪ |
| ৩৮ | নৈরাজপুর | ৩১৫ | ২৩১ | ২৩১ | ১২৭ | ফেনী সদর | ফেনী | ৩০৮.০১ |
| ৩৯ | পূর্ব্ব সুলতানপুর | ৩১৮ | ২৩২ | ২৩২ | ১৩৩ | ফেনী সদর | ফেনী | ২৮১.৬৮ |
| ৪০ | মোবারক ঘোনা | ৩১৬ | ২৩৪ | ২৩৪ | ১৩২ | ফেনী সদর | ফেনী | ৭৫৬.০৮ |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৪.২২০**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| **০১** | সদ্যপুষ্করিণী | ১১৬ | ২১০৯ | ৪ | রংপুর সদর | রংপুর | - |
| **০২** | অনন্তপুর | ১২৪ | ২৬১০ | ৭ | উলিপুর | কুড়িগ্রাম | - |
| **০৩** | কামাত আঙ্গারিয়া | ২১ | ৩০৭৫ | ৯ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম | - |
| **০৪** | বাগভান্ডার | ৩২ | ৩৮৫১ | ৭ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম | - |
| **০৫** | গচিডাঙ্গা | ৪৫ | ২০৬৪ | ৪ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম | - |
| **০৬** | পাইকের ছড়া | ৪৬ | ২১০৭ | ৪ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম | - |
| **০৭** | বানুর কুঠী | ৬৪ | ১০৮২ | ৩ | ভুরুঙ্গামারী | কুড়িগ্রাম | - |
| **০৮** | বোগদহ | ১৩৭ | ২২৫২ | ৬ | গোবিন্দগঞ্জ | গাইবান্ধা | - |
| **০৯** | চক মামরাজপুর | ১০০ | ১৫৮৬ | ৬ | গাইবান্ধা সদর | গাইবান্ধা | মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ৫৫২৯/২০২৬ নং রিট পিটিশন দায়ের থাকায় ৬২৯ নং খতিয়ান ব্যতীত। |
| **১০** | মাগুরা | ৩৭ | ৮৩১৩ | ৫ | কিশোরগঞ্জ | নীলফারী | মহামান্য সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে ১১২১৮/ ২০২২ নং রিট পিটিশন দায়ের থাকায় ৫৮১৯ নং খতিয়ান ব্যতীতন। |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০১.২৫.২২২**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নম্বর আইন)-এর ধারা ১৪৪ এর (১) নম্বর উপধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে নতুন জরিপ আরম্ভকরণের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ০১ | শুভগাছা | ৪১ | মাদারগঞ্জ | জামালপুর | ২২৭.৪৪ |
| ০২ | চাঁদপুর | ৪৪ | মাদারগঞ্জ | জামালপুর | ৬৯৭.৭১ |
| ০৩ | চার আনির জাঙ্গালিয়া | ২৯ | মাদারগঞ্জ | জামালপুর | ৪৮৪.৪০ |
| ০৪ | খোর্দ্দ জোনাইল | ৩৩ | মাদারগঞ্জ | জামালপুর | ৪২০৬.২৬ |
| ০৫ | বড়ভাঙ্গাবাড়ী | ২৪ | মাদারগঞ্জ | জামালপুর | ৮২২.৫২ |
| ০৬ | শুকনাগাড়ী | ৪৩ | মাদারগঞ্জ | জামালপুর | ৪৩৬৩.০২ |
| ০৭ | ছুরিপাড়া | ২৮ | মাদারগঞ্জ | জামালপুর | ৬৭.৯৮ |
| ০৮ | জোনাইল (বালিজুরী) | ৪৬ | মাদারগঞ্জ | জামালপুর | ৬১৩.২০ |
| ০৯ | বলদভর (বালিজুরী) | ৪৭ | মাদারগঞ্জ | জামালপুর | ২৫৩.৩১ |
| ১০ | বওলা খোর্দ্দ (তারতাপাড়া) | ৪৮ | মাদারগঞ্জ | জামালপুর | ৭৯৭.৫১ |
| ১১ | দুধিগাছা | ৭১ | মাদারগঞ্জ | জামালপুর | ৫৭৩.৭০ |
| ১২ | নগর | ৭৩ | মাদারগঞ্জ | জামালপুর | ১৭২.১৪ |
| ১৩ | সানাইবন্দ | ৭৪ | মাদারগঞ্জ | জামালপুর | ৯৩.১১ |
| ১৪ | হেমরাবাড়ী | ৭৫ | মাদারগঞ্জ | জামালপুর | ২২৫.৯৪ |
| ১৫ | আদারভিটা (কুন্ডবাড়ী) | ৭৬ | মাদারগঞ্জ | জামালপুর | ৪১৭.২৪ |
| ১৬ | কাজিয়াবাড়ী | ৮৯ | মাদারগঞ্জ | জামালপুর | ৮০.৪৪ |

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩/০৭ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১৩.১৫.২২৭**—The State Acquisition And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955-এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাটির সংশ্লিষ্ট খতিয়ানের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ০১ | চর নজরুল | ২৬ | ৬১৫ | ০৪ | মনপুরা | ভোলা |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০৮.২৩.২৩৪**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| **ক্রমিক নম্বর** | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | খতিয়ান নম্বর | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| **০১** | ছোটরা | ৯৩ | ০২ | ৬৯৩ ও ১৭২৭ | কুমিল্লা সদর | কুমিল্লা | মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত ১০১৭২/২০১৫ নং রিট পিটিশন ও ৯৯১৬/০৪ নং স্পেশাল আপীল মামলা নিষ্পত্তি হওয়ায়। |

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩/০৯ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭২.২৪.২৩৯**—The State Acquisition And Tenancy Act, 1950(Act XXVIII of 1951) এর 144 (7) ধারা এবং Tenancy Rules, 1955-এর 34 (2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাগুলোর সংশ্লিষ্ট খতিয়ানের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো :

| ক্রমিক নং | মৌজার নাম | জে. এল. নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাদুড়তলা | ১১৭ | ১৮৬০ | ৪ | মোড়েলগঞ্জ | বাগেরহাট | |
| ০২ | ভাষানদল | ১১৪ | ২৩৫৭ | ৪ | মোড়েলগঞ্জ | বাগেরহাট | |
| ০৩ | জিউধরা | ১০৯ | ২৫৬৬ | ৬ | মোড়েলগঞ্জ | বাগেরহাট | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

---

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩/২৫ আগস্ট ২০২৬

বিষয় : **ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.৯৬.৬৯(১)-১৪৩**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ তার কারণ দর্শানোর লিখিত জবাবে স্বীকৃতমতে তিনি রমনা থানার মামলা নং-০৯, তারিখ-১৪-০৯-২০২৫ খ্রি., ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৬ (২) (ক) (ঈ) এর প্রেক্ষিতে গত ২৯-০৯-২০২৫ খ্রি. তারিখ হতে হাজতবাস করায় এবং তৎপরবর্তীতে ক্রমান্বয়ে শাহাবাগ থানার একটি জি.আর মামলাসহ গুলশান থানার দুটি জি.আর মামলায় shown arrest হয়ে অদ্যবধি হাজতবাসে আছেন মর্মে লিখিত জবাবে স্বীকার করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯, এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণ হওয়ায় নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নামীয় গত ০৮-১১-২০০৩ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৯৬/৬৯ (অংশ-১)-১৫৩৫ নং স্মারকযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

(খ) একইসাথে, অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো অধিক্ষেত্রের নিকাহ্ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ্ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ্ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

## আদেশাবলি

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩/২৭ আগস্ট ২০২৬

বিষয় : **শেরপুর জেলার নকলা উপজেলার ০৬ নং পাঠাকাঠা ইউনিয়নে তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর কর্তৃক জনাব মোঃ মঈনুল হক অনিমকে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসাবে প্রদত্ত নিয়োগ বাতিলসহ জেলা রেজিস্ট্রার কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে পত্র প্রেরণ প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.১৩৬.৮৬-১৪৬**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী কোনো শূন্য অধিক্ষেত্রে স্থায়ী বা অস্থায়ীভাবে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের একচ্ছত্র ক্ষমতা সরকারের। এরূপ নিয়োগ আবশ্যিকভাবে সরকারের পক্ষে আইন ও বিচার বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে। এছাড়া, বর্ণিত বিধিমালার বিধি ৬ মোতাবেক প্রার্থী বাছাই এবং স্থায়ী লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের পুত্র-কে বিধি ৮ মোতাবেক অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার প্রদানের বিধান রয়েছে যা অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর জনাব নূর নেওয়াজ গত ১০-০৬-২০২৪ খ্রি. তারিখের ১০.০৫.৮৯০০.০০৩.১১.০০১.২৪.২২১(৫) নং স্মারকমূলে জনাব মঈনুল হক অনিমকে সাবেক নিকাহ রেজিস্ট্রারের পুত্র হিসেবে ০৬ নং পাঠাকাঠা ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসেবে নিয়োগ প্রদান করে সম্পূর্ণ বিধি বহির্ভূত কাজ করেছেন। ফলে, এরূপ এখতিয়ার বহির্ভূতভাবে ইস্যুকৃত পত্রটি সৃষ্টি থেকে অকার্যকর (still-born) ও আইনগতভাবে অস্তিত্বহীন (non est) বিধায় বর্ণিত পত্রটি বাতিলপূর্বক জনাব মঈনুল হক অনিমের নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং উক্ত ০৬ নং পাঠাকাঠা ইউনিয়নের শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

পাশাপাশি, উক্ত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর/সাব-রেজিস্ট্রার, নকলা, শেরপুর-কে অবহিত করা হলো।

(খ) একইসাথে, সাবেক জেলা রেজিস্ট্রার, শেরপুর কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ (বর্তমান জেলা রেজিস্ট্রার, ভোলা) কোনো আইনগত কর্তৃত্ব না থাকা সত্ত্বেও সম্পূর্ণ বিধি বহির্ভূতভাবে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগ প্রদান করায় এবং জেলা রেজিস্ট্রারের প্রশাসনিক নিয়ন্ত্রণ এ শাখার এখতিয়ারাধীন না হওয়ায় তাঁর বিরুদ্ধে চাকরি বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কাগজাদির ছায়ালিপিসহ বিচার শাখা-৬ বরাবর পত্র প্রেরণ করা হলো।

বিষয় : **শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০২ নং রাণীশিমুল ইউনিয়নে তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর কর্তৃক জনাব মাসুম বিল্লাহকে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসাবে প্রদত্ত নিয়োগ পত্র বাতিলসহ জেলা রেজিস্ট্রার কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে পত্র প্রেরণ প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১৭.২০১২-১৪৭**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী কোনো শূন্য অধিক্ষেত্রে স্থায়ী বা অস্থায়ীভাবে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের একচ্ছত্র ক্ষমতা সরকারের। এরূপ নিয়োগ আবশ্যিকভাবে সরকারের পক্ষে আইন ও বিচার বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে। এছাড়া, বর্ণিত বিধিমালার বিধি ৬ মোতাবেক প্রার্থী বাছাই এবং স্থায়ী লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের পুত্র-কে বিধি ৮ মোতাবেক অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার প্রদানের বিধান রয়েছে যা অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর জনাব নূর নেওয়াজ গত ১৬-০১-২০২৫ খ্রি. তারিখের ১০.০৫.৮৯০০.০০৩.১১.০০১.২৫.৩৩(৪) নং স্মারকমূলে জনাব মাসুম বিল্লাহ-কে সাবেক নিকাহ রেজিস্ট্রারের পুত্র হিসেবে ০২ নং রাণীশিমুল ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসেবে নিয়োগ প্রদান করে সম্পূর্ণ বিধি বহির্ভূত কাজ করেছেন। ফলে, এরূপ এখতিয়ার বহির্ভূতভাবে ইস্যুকৃত পত্রটি সৃষ্টি থেকে অকার্যকর (still-born) ও আইনগতভাবে অস্তিত্বহীন (non est) বিধায় বর্ণিত পত্রটি বাতিলপূর্বক জনাব মাসুম বিল্লাহ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং উক্ত ০২ নং রাণীশিমুল ইউনিয়নের শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

পাশাপাশি, উক্ত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর/সাব-রেজিস্ট্রার, শ্রীবরদী শেরপুর-কে অবহিত করা হলো।

(খ) একইসাথে, তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ (বর্তমান জেলা রেজিস্ট্রার, ভোলা) কোনো আইনগত কর্তৃত্ব না থাকা সত্ত্বেও সম্পূর্ণ বিধি বহির্ভূতভাবে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগ প্রদান করায় এবং জেলা রেজিস্ট্রারের প্রশাসনিক নিয়ন্ত্রণ এ শাখার এখতিয়ারাধীন না হওয়ায় তাঁর বিরুদ্ধে চাকরি বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কাগজাদির ছায়ালিপিসহ বিচার শাখা-৬ বরাবর পত্র প্রেরণ করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-৩ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২১ ভাদ্র ১৪৩৩/০৫ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৬.২৭.০০০৪.২৬-৫১**—যেহেতু, জনাব মোঃ মনির হোসেন চৌধুরী, উপ-তত্ত্বাবধায়ক, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী; ইতোপূর্বে জেলার, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার হিসেবে কর্মকালীন বিজ্ঞ সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ৬নং জি, আর আমলী আদালত, ময়মনসিংহ গত ২৭-০১-২০২৬ তারিখ ১০৭২ স্মারকমূলে ০৩ (তিন) জন বিচারাধীন বন্দি (১) হাজতি জাকিরুল ইসলাম, (২) হাজতি রাশেদুল ইসলাম, (৩) হাজতি আনিছ মিয়া, সর্বপিতা হযরত আলী, সাং-তারাটি, থানা-তারাকান্দা, জেলা-ময়মনসিংহ-কে ২৮-০১-২০২৬ তারিখ বিজ্ঞ আদালতে হাজির করার নিমিত্ত ২৭-০১-২০২৬ তারিখ আনুমানিক বেলা ০৩:২৫ ঘটিকায় একটি হাজিরা পরোয়ানা ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগারে গ্রহণ করা হয়। পরবর্তীতে হাজিরা পরোয়ানাটি বিজ্ঞ আদালত হতে গ্রহণের পর যথাযথভাবে যাচাই না করেই জামিনের কাগজের সাথে সংযুক্ত করে মুক্তির স্লিপ প্রস্তুত এবং উক্ত হাজিরা পরোয়ানামূলেই সংশ্লিষ্ট বন্দিদের ভুল মুক্তি প্রদান করা হয়; এবং

যেহেতু, কারাবিধি অনুযায়ী কারাগারের প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে তিনি কারাগারে আটক বন্দিদের নিয়ন্ত্রণ করতে ব্যর্থ হয়েছেন এবং তাঁর দায়িত্বের প্রতি উদাসীনতা কারা প্রশাসন তথা সরকারকে বিব্রতকর পরিস্থিতি মুখোমুখি করেছে; এবং

যেহেতু, তাঁর উক্তরূপ কার্যকলাপের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী তাঁকে **'অসদাচরণ'** এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা (নং-০২/২০২৬) রুজু করে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণপূর্বক কারণ দর্শানো হয়। তিনি গত ১০-০৬-২০২৬ তারিখ বর্ণিত কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন; এবং

যেহেতু, গত ০২-০৯-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিঅন্তে আনীত অভিযোগ, তাঁর দাখিলকৃত জবাব ও উভয়পক্ষের বক্তব্য এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনায় তাঁর ওপর 'লঘুদণ্ড' আরোপ করার সিদ্ধান্ত যুক্তিযুক্ত মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব মোঃ মনির হোসেন চৌধুরী, উপ-তত্ত্বাবধায়ক, কারা প্রশিক্ষণ কেন্দ্র, রাজশাহী (সাবেক জেলার, ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার)-কে তাঁর বিরুদ্ধে আনীত সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি অনুযায়ী তাঁকে 'তিরস্কার' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২১ ভাদ্র ১৪৩৩/০৫ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৭.২৬-৪০৯**—যেহেতু, জনাব খান মাহমুদুল হাসান (বিপি-৮৯২১২৩৭৬৭৬), সহকারী পুলিশ কমিশনার, গোয়েন্দা সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইম-দক্ষিণ বিভাগ, ডিএমপি, ঢাকা; তাঁর সাথে ২০২০ সালে জনৈক জাকিয়া পারভীনের পরিচয়ের সূত্র ধরে ঘনিষ্ঠ সম্পর্ক গড়ে ওঠে। তিনি সহকারী পলিশ সুপার হিসেবে ২০২১ সালে চাকরিতে যোগদান করার পরও তাঁদের উক্ত সম্পর্ক ও যোগাযোগ চলমান থাকে। তাঁর দেয়া বিয়ের আশ্বাসে ২০২৩ সালের ২৯ সেপ্টেম্বর জনৈক জাকিয়া পারভীন ঢাকায় এসে একটি মেসে বসবাস শুরু করেন। তিনি ঢাকার বাহিরে কর্মরত থাকলেও ছুটির সময় নিয়মিত ঢাকায় এস বিভিন্ন হোটেলে তাঁকে নিয়ে স্বামী-স্ত্রীর ন্যায় অবস্থান করতেন। ২০২৫ সালের এপ্রিল মাসে তাঁরা চকবাজার এলাকায় একটি বাসা ভাড়া নিয়ে স্বামী-স্ত্রী পরিচয়ে একত্রে বসবাস শুরু করেন। পরবর্তীতে, তিনি তাঁকে বিবাহ না করায় তিনি ২৭-০৭-২০২৫ তারিখে চকবাজার থানায় মামলা দায়েরের উদ্যোগ গ্রহণ করলে একই দিনে তিনি তাঁর সাথে বিবাহ সম্পন্ন করেন। বিবাহ-পরবর্তী সময়ে তিনি তাঁর সাথে স্বাভাবিক দাম্পত্য জীবন-যাপন করেননি এবং তাঁকে যথাযথ স্ত্রীর মর্যাদাও দেননি। পরবর্তীতে, বনিবনা না হওয়া, প্রতারণা, পূর্বের বিবাহ ও সন্তানের কথা গোপন রাখার বিষয় উল্লেখ করে তিনি তাঁকে গত ২৮-১০-২০২৫ তারিখ তালাকের নোটিশ প্রেরণ করেন;এবং

২। যেহেতু, জনৈক জাকিয়া পারভীন ইতোঃপূর্বে বিবাহিতা জানা সত্ত্বেও তাঁকে বিয়ে করার পূর্বেই তিনি তাঁর সঙ্গে স্বামী-স্ত্রী ন্যায় বিভিন্ন হোটেল ও ভাড়া বাসায় একত্রে অবস্থান করেন এবং পরবর্তীতে রেজিস্ট্রির মাধ্যমে বিবাহ সম্পন্ন করলেও তাঁকে যথাযথ স্ত্রীর মর্যাদা প্রদান করেননি। শৃঙ্খলা বাহিনীর একজন কর্মকর্তা হিসেবে তাঁর এ ধরনের কর্মকাণ্ড শৃঙ্খলা পরিপন্থী, নৈতিক স্খলন এবং দায়িত্বজ্ঞানহীনতার পরিচয়; এবং

৩। যেহেতু, তাঁর উপর্যুক্ত অপেশাদার এবং অকর্মকর্তাসুলভ কার্যকলাপ বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থী এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ"-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ। সে পরিপ্রেক্ষিতে গত ২৮-০৬-২০২৬ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ'-এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৭/২০২৬ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

৪। যেহেতু, ভভিযুক্ত কর্মকর্তা ২২-০৭-২০২৬ তারিখে অভিযোগের জবাব দালিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ০২-০৯-২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

৫। যেহেতু, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

৬। সেহেতু, জনাব খান মাহমুদুল হাসান (বিপি-৮৯২১২৩৭৬৭৬), সহকারী পুলিশ কমিশনার, গোয়েন্দা সাইবার অ্যান্ড স্পেশাল ক্রাইমবিভাগ, ডিএমপি, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে প্রমাণিত অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(খ) বিধি মোতাবেক তাঁকে **"০২ (দুই) বছরের জন্য বেতনবৃদ্ধি স্থগিত"** সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৮.২৬-৪১০**—যেহেতু, জনাব তারেক আমান বান্না (বিপি-৯০১৯২২৪০৮৯), সহকারী পুলিশ সুপার, মুলাদি সার্কেল, বরিশাল; তিনি সহকারী পুলিশ সুপার, হিসেবে র‍্যাব-৬, খুলনা ব্যাটালিয়ন সদর দপ্তরে গত ২৮-০৮-২০২২ তারিখে অপস অফিসার, এমটিও, মিডিয়া অফিসার এবং অ্যাডজুটেন্ট হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তিনি RAB Cyber Monitoring Cell, NIP প্লাটফর্ম ব্যবহারের জন্য নিয়োগকৃত র‍্যাব সদস্যদের উপর যথাযথ তদারকি ও নজরদারী করতে ব্যর্থ হয়েছেন। তিনি র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, ঢাকা কর্তৃক প্রদানকৃত নির্দেশনা অনুযায়ী CDR, NID এর চাহিদা প্রদানের তথ্য লিপিবদ্ধ করার জন্য র‍্যাব-৬, খুলনায় কোনো রেজিস্টার রক্ষণাবেক্ষণ করেননি; এবং

২। যেহেতু, তাঁর অধীনস্ত, NIP প্লাটফর্ম ব্যবহারকারী অপারেটর নায়েক জনাব হেলাল উদ্দিন ও কনস্টেবল জনাব মো: শাহীন আলম বিধি-বহির্ভূতভাবে তাঁদের নামে ইস্যুকৃত সরকারি মোবাইল ফোনের পাশাপাশি ব্যক্তিগত মোবাইল ফোনেও CDR, NID সহ অন্যান্য সংবেদনশীল, গোপনীয় ও জনগুরুত্বপূর্ণ সংরক্ষণ করেন। দীর্ঘ ০৪ (চার) মাস অনুমোদন ব্যতীত তাঁর ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে NIP অপারেটর নায়েক জনাব হেলাল উদ্দিন ও কনস্টেবল মো: শাহীন আলম অনৈতিক উদ্দেশ্যে বিপুল সংখ্যক CDR, NID সহ অন্যান্য সংবেদনশীল, গোপনীয় ও জনগুরুত্বপূর্ণ তথ্যাদি অননুমোদিত ব্যক্তি/ব্যক্তিবর্গের নিকট অর্থের বিনিময়ে বেআইনীভাবে হস্তান্তর করলেও তিনি এ বিষয়ে অবহিত ছিলেন না; এবং

৩। যেহেতু, তাঁর উপর্যুক্ত অপেশাদার এবং অকর্মকর্তাুলভ কার্যকলাপ বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি মোতাবেক "অসদাচরণ"-এর পর্যায়ভুক্ত অপরাধ। সে পরিপ্রেক্ষিতে গত ২৮-০৬-২০২৬ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ; এর অভিযোগে বিভাগীয় মামলা নং ১৮/২০২৬ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

৪। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৪-০৭-২০২৬ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ০২-০৯-২০২৬ তারিখে ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

৫। যেহেতু, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

৬। যেহেতু, জনাব তারেক আমান বান্না (বিপি-৯০১৯২২৪০৮৯), সহকারী পুলিশ সুপার, মুলাদি সার্কেল, বরিশাল; (সাবেক সহকারী পুলিশ সুপার, র‍্যাব-৬, খুলনা ব্যাটালিয়ন-কে) সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ'-এর দায়ে দোষী সাব্যস্ত করে প্রমাণিত অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ক) বিধি মোতাবেক তাঁকে "তিরস্কার" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

নং **৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০০১৫.২৬-৪১১**—যেহেতু, জনাব মো: মেরাজুল ইসলাম (বিপি-৯২১৯২২৪০২৩), সহকারী পুলিশ সুপার, ৫-এপিবিএন, উত্তরা, ঢাকা (সাবেক সহকারী পুলিশ সুপার, কালিয়াকৈর সার্কেল, গাজীপুর; তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালীন জনাব লায়লা আক্তার রুমার সঙ্গে প্রেমের সম্পর্ক গড়ে তোলেন। পরবর্তীতে, তিনি ০৫-০৯-২০১৭ তারিখে জনাব ফারহানা সুলতানাকে বিবাহ করেন। দাম্পত্যকালীন তিনি পুনরায় জনাব লায়লা আক্তার রুমার সঙ্গে প্রেমের সম্পর্কে জড়ান। তিনি জনাব লায়লা আক্তার রুমাকে নিয়ে গত ০৬-১০-২০২৩ তারিখ হতে ০৭-১০-২০২৩ তারিখ পর্যন্ত কলাতলী বীচ, কক্সবাজারে 'হোটেল সি উত্তরা'র ৮০২ নং রুমে অবস্থান করে তাঁর সাথে শারীরিক সম্পর্ক করেন এবং পরবর্তীতে গত ১১-০১-২০২৪ তারিখে তাঁকে বিবাহ করেন। বিবাহের সময় নিকাহনামার ২১ নং কলামে তাঁর ১ম স্ত্রী থাকা সত্ত্বেও "অন্য স্ত্রী নাই' মর্মে ঘোষণা দেন। প্রথম স্ত্রী থাকা সত্ত্বেও ২য় বিবাহ করার পূর্বে তিনি কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ করেননি, যা পুলিশ অধিদপ্তরের ০৯-০৬-১৯৯২ তারিখের এস/৪২-৯২/৪০২(১০১) নং স্মারকমূলে ইস্যুকৃত নির্দেশনার পরিপন্থী; এবং

২। যেহেতু, তিনি দ্বিতীয় বিবাহের অনুমতি চেয়ে ৬নং বোয়ালীয়া ইউনিয়ন পরিষদ, গোমস্তাপুর, চাঁপাইনবাবগঞ্জ সালিশী বোর্ডের নিকট আবেদন করেন। আবেদনমতে তাঁকে ০৬-০১-২০২৪ তারিখে সালিশী বোর্ডের নিকট হাজির হওয়ার জন্য বলা হলে তিনি ঐ তারিখে কর্তৃপক্ষের অনুমতি বা ছুটি ব্যতীত সালিশী বোর্ডের নিকট উপস্থিত হন; এবং

৩। যেহেতু, তিনি দ্বিতীয় স্ত্রী জনাব লায়লা আক্তার রুমাকে গত ১৫-০৬-২০২৫ তারিখে একতরফাভাবে তালাক প্রদান করেন। তালাক দেয়াকে কেন্দ্র করে জনাব লায়লা আক্তার রুমা তাঁর বিরুদ্ধে ডিএমপির ভাষানটেক থানার মামলা নং-৮, তারিখ ২৮-০৬-২০২৫, ধারা নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (সংশোধনী ২০২৫) এর ৯(খ) তৎসহ পেনাল কোডের ৩১২/৩১৩ দায়ের করেন। উক্ত মামলার তদন্তকারী কর্মকর্তা বিজ্ঞ আদালতে চূড়ান্ত রিপোর্ট তথ্যগত ভুল দাখিল করেন। নৈতিক স্খলনজনিত কর্মকাণ্ডে লিপ্ত হওয়ার কারণে তাঁর বিরুদ্ধে উক্ত ফৌজদারী মামলা রুজু হওয়ায় জনসম্মুখে বাংলাদেশ পুলিশের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ন হয়েছে; এবং

৪। যেহেতু তাঁর উপর্যুক্ত অপেশাদার এবং অকর্মকর্তাসুলভ কার্যকলাপ বিভাগীয় শৃঙ্খলা পরিপন্থি এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ বিধি এর ৩(খ) মোতাবেক "অসদাচরণ"-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ; এবং

৫। যেহেতু, উপর্যুক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে গত ০৬-০৫-২০২৬ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা নং ১৫/২০২৬ রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শানো হয়; এবং

৬। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ০৭-০৬-২০২৬ তারিখে অভিযোগের জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত আবেদন করেন এবং গত ০২-০৯-২০২৬ তারিখ ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়; এবং

৭। যেহেতু, শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, প্রমাণিত অভিযোগের গুরুত্ব ও আনুষঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তকে লঘুদণ্ড আরোপ করা সমীচীন হবে মর্মে প্রতীয়মান হয়;

৮। সেহেতু, জনাব মো: মেরাজুল ইসলাম (বিপি-৯২১৯২২৪০২৩), সহকারী পুলিশ সুপার, ৫-এপিবিএন, উত্তরা, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধিমতে 'অসদাচরণ' এর দায়ে দোষী সাব্যস্ত করে প্রমাণিত অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনায় একই বিধিমালার ৪(২)(ঘ) বিধি মোতাবেক তাঁকে "০৩ (তিন) বছরের জন্য বেতনগ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" সূচক লঘুদণ্ড প্রদান করা হলো। অর্থাৎ ৯ম গ্রেডে তাঁর বর্তমান মূলবেতন ৩২,৫৪০/- টাকা থেকে অবনমিত করে ৩০,৯৯০/- টাকায় নির্ধারণ করা হলো। বেতনগ্রেডের নিম্নতর ধাপে অবনমিত থাকার সময়কাল বার্ষিক বেতনবৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। ০৩ (তিন) বছর পর তিনি ৩২,৫৪০/- টাকা মূলবেতনে প্রত্যাবর্তন করবেন এবং তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## পানি সরবরাহ-২ শাখা

### প্রজ্ঞাপন

**তারিখ : ১২ ভাদ্র ১৪৩৩/২৭ আগস্ট ২০২৬**

নং **৪৬.০০.০০০০.০৮৫.১১.৫৩.২০১৮-৫৫৮**—"পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (সংশোধন) আইন, ২০২৬" এর ধারা ৬(১) অনুযায়ী ঢাকা ওয়াসা বোর্ডের জন্য পৌর কর্তৃপক্ষের প্রতিনিধিত্বকারী সদস্য হিসেবে জনাব মুহাম্মদ আব্দুল হাই, পিতা: তোফাজ্জল হোসেন, মাতা: ফিরোজা খাতুন, ১১৯/৬, হামদার্দের গলি, তেজকুনী পাড়া, তেজগাঁও, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা-কে নিয়োগ প্রদান করা হলো।

০২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**মোছা: শাকিলা পারভীন**
সিনিয়র সহকারী সচিব।

---

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
## মজুরী বোর্ড শাখা

### প্রজ্ঞাপন

তারিখ : ২২ ভাদ্র, ১৪৩৩/০৬ সেপ্টেম্বর, ২০২৫

নং **৪০.০০.০০০০.০১৬.৩২.০১৯.১২-৯৪**—এস, আর, ও নং-৯৬-আইন/২০২১, তারিখ : ১৩ এপ্রিল, ২০২১ মোতাবেক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২নং আইন) এর ধারা ১৩৮ উপ-ধারা (৪) এর প্রদত্ত ক্ষমতবলে জনাব গাজী আঃ কাদের মাষ্টার (জাতীয় পরিচয়পত্র নম্বর:১৪৮১৬৩৬৪৩৭), পাট কর্মচারী, ফরিদপুর জুট প্রেস লিঃ। স্থায়ী ঠিকানা: গ্রাম/রাস্তা: পাবলা মোল্লার মোড়, ডাকঘর দৌলতপুর ৯২০২, থানা: দৌলতপুর, খুলনা সিটি কর্পোরেশন, জেলা: খুলনা মোবাইল: ০১৭২০৪৫৭৩৭১-কে "জুট প্রেস এন্ড বেলিং" শিল্প সেক্টরের শ্রমিক পক্ষের প্রতিনিধি হিসেবে নিম্নতম মজুরী বোর্ড অতঃপর উক্ত বোর্ড বলিয়া উল্লিখিত, এর সদস্য নিয়োগ করা হয়।

যেহেতু, পরবর্তী গত ১০-০১-২০২৬ তারিখে তিনি মৃত্যবরণ করেন। সেহেতু উক্ত বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ এর ১২৩ বিধান এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার "জুট প্রেস এন্ড বেলিং" শিল্প সেক্টরে উক্ত বোর্ডের শ্রমিক পক্ষের প্রতিনিধি জনাব গাজী আঃ কাদের মাষ্টার এর পদ এতদ্বারা শূন্য ঘোষণা করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মাহবুবুর রহমান**
উপসচিব।

---

## সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
## সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
## সওজ সংস্থাপন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০২২.১৭.০৩৬.২৬-৫০৭**—বি.সি.এস. (সড়ক ও জনপথ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে ক্যাডার সার্ভিস পদে তার যোগদানের পূর্বের চাকরিকাল বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি ৪২ (২) এবং বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খন্ড) এর ৩০০(বি) অনুযায়ী পেনশনযোগ্য চাকরির চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে সংরক্ষণ করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি | বর্তমান কর্মস্থল | পূর্বতন চাকরি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০১ | জনাব সোহেল মিজান (৬০২৫১৯) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী, সওজ | সড়ক বিভাগ, যশোর | সহকারী প্রকৌশলী (সিভিল), যশোর গণপূর্ত বিভাগ, যশোর |
| ০২ | জনাব মোঃ রাকিব হাসান (৬০২৪৯৭) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী, সওজ | সড়ক বিভাগ, টাঙ্গাইল | সহকারী প্রকৌশলী (সিভিল), জনসংখ্যা প্রকল্প কোষ, গণপূর্ত অধিদপ্তর, ঢাকা |
| ০৩ | জনাব আলাভী আহালাম (৬০২৫১১) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী, সওজ | রাজশাহী জোন, রাজশাহী | আঞ্চলিক রক্ষণাবেক্ষণ প্রকৌশলী (আরএমই), আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, রাজশাহী |

| ক্রম | কর্মকর্তার নাম, পদবি | বর্তমান কর্মস্থল | পূর্বতন চাকরি ও কর্মস্থল |
|---|---|---|---|
| ০৪ | জনাব মোছাঃ সুরাইয়া হাসি (৬০২৪৯৮) (বিসিএস ব্যাচ ৪৪তম) সহকারী প্রকৌশলী, সওজ | সড়ক বিভাগ, নরসিংদী | সহকারী প্রকৌশলী (সিভিল), গাজীপুর গণপূর্ত বিভাগ, গাজীপুর |

(ক) পূর্বপদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাসলিমা আহমেদ পলি**
উপসচিব।

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩৩/০৮ সেপ্টেম্বর ২০২৬

নং **০৫.০০.০০০০.০০০.১৮০.২৭.০০১২.২৫.১০৯**—যেহেতু, জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬৯১৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-কে পবিত্র ওমরাহ পালনের উদ্দেশ্যে সৌদি আরব গমনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৪-০৩-২০২৫ তারিখের ০৫.০০.০০০০.১৩১.০০.০১৫.২৪-২৭৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ০৪-০৩-২০২৫ তারিখ অথবা ছুটি ভোগের তারিখ হতে ১৫ (পনেরো) দিনের অর্জিত ছুটি (বহি:বাংলাদেশ) মঞ্জুর করা হয়। তিনি ০৫-০৩-২০২৫ তারিখে সৌদি আরব গমন করেন এবং মঞ্জুরীকৃত অর্জিত ছুটি (বহি:বাংলাদেশ) শেষে তিনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি। এ প্রেক্ষিতে মঞ্জুরীকৃত বহি:বাংলাদেশ ছুটির অতিরিক্ত সময় বিনা অনুমতিতে বিদেশে অবস্থান করায় তাঁর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ঊর্ধ্বতন নিয়োগ-২ শাখা হতে অনুরোধ করা হয়। জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিত নম্বর-৬৯১৪)-এর এহেন কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ হওয়ায় উল্লিখিত অপরাধে তাঁর বিরুদ্ধে ২১/২০২৫ নম্বর বিভাগীয় কার্যধারা রুজু করে ০৩-১১-২০২৫ তারিখের ০৫.০০. ০০০০.১৮০.২৭.০১২.২৫-১৩৫ নম্বর স্মারকমূলে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি করে তাঁকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয়; এবং

২। যেহেতু, তিনি নির্ধারিত সময় অতিক্রান্ত হওয়ার পরও লিখিত জবাব দাখিল করেননি। সে প্রেক্ষিতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৩) অনুযায়ী উক্ত অভিযোগটি তদন্ত করার জন্য জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক (পরিচিতি নম্বর-৬৫৪৮), অতিরিক্ত সচিব, সংগঠন ও ব্যবস্থাপনা অনুবিভাগ-কে উক্ত বিভাগীয় কার্যধারা-২১/২০২৫ এর তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্ত কর্মকর্তা জনাব কাজী মুহাম্মদ মোজাম্মেল হক (পরিচিতি নম্বর-৬৫৪৮) গত ২৬-০২-২০২৬ তারিখে জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬৯১৪)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী আনীত যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

**বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়**
**মানব সম্পদ শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩/০৯ সেপ্টেম্বর ২০২৬

নং **১১.০০.০০০০.০০০.৮০৩.১২.০০০৩.২৬.৭১৩**—জাতীয় সংসদ সচিবালয় কমিশন এর ৩৭তম বৈঠকের সিদ্ধান্ত-বিবিধ (ঙ) অনুযায়ী জাতীয় সংসদ ও জাতীয় সংসদ সচিবালয়ের জনবল সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনার জন্য মাননীয় স্পীকারের অনুমোদনক্রমে নিম্নবর্ণিত ০৭ (সাত) সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হলো:

| ক্র: নং | মাননীয় সংসদ সদস্যবৃন্দের নাম ও নির্বাচনি এলাকা | কমিটিতে পদবি |
|---|---|---|
| ১ | ব্যারিস্টার কায়সার কামাল, এমপি ও মাননীয় ডেপুটি স্পীকার, ১৫৭ নেত্রকোনা-১ | সভাপতি |
| ২ | জনাব মোঃ নূরুল ইসলাম, এমপি ও মাননীয় চীপ হুইপ, ১১০ বরগুনা-২ | সদস্য |
| ৩ | জনাব এম, রুহুল কুদ্দুস তালুকদার দুলু, এমপি ও মাননীয় হুইপ, ৫৯ নাটোর-২ | সদস্য |
| ৪ | জনাব কাজী রফিকুল ইসলাম, এমপি, ৩৬ বগুড়া-১ | সদস্য |
| ৫ | জনাব মোঃ সেলিম রেজা, এমপি, ৬২ সিরাজগঞ্জ-১ | সদস্য |
| ৬ | জনাব মোঃ মাহবুবুল আলম, এমপি, ২৭ কুড়িগ্রাম-৩ | সদস্য |
| ৭ | মোসাম্মৎ শাম্মী আক্তার, এমপি, ৩২২ মহিলা আসন-২২ | সদস্য |

০২। **কমিটির কর্মপরিধি:**

কমিটি জাতীয় সংসদ ও জাতীয় সংসদ সচিবালয়ের জনবল সংক্রান্ত বিষয়াদি পর্যালোচনাপূর্বক পরবর্তী কমিশন বৈঠকে উপস্থাপনের নিমিত্ত একটি প্রতিবেদন প্রণয়ন করবেন।

০৩। "জাতীয় সংসদ ও জাতীয় সংসদ সচিবালয়ের অর্গানোগ্রাম" এবং "সংসদ সচিবালয় কর্মকর্তা ও কর্মচারী নিয়োগ বিধিমালা, ১৯৯৪ (২০২১ সালের অক্টোবর পর্যন্ত সংশোধিত)" সংশোধন সংক্রান্ত কমিটি উক্ত কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবেন।

স্পীকারের আদেশক্রমে

**মৌসুমী বাইন হীরা**
উপসচিব (মানব সম্পদ)।

৪। যেহেতু, জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিত নম্বর-৬৯১৪)-এর বিরুদ্ধে আনীত যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ প্রমাণিত হওয়ায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে **'চাকরি হতে বরখাস্ত'** গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয় এবং সে লক্ষ্যে তাঁর বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা ও ব্যক্তিগত ই-মেইলে (nurul6914@yahoo.com) দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়। কিন্তু তিনি দ্বিতীয় কারণ দর্শানোর জবাব দাখিল করেননি; এবং

৫। যেহেতু, জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিত নম্বর-৬৯১৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করার পরিপ্রেক্ষিতে তাঁকে **'চাকরি হতে বরখাস্ত'** গুরুদণ্ড আরোপের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হলে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি মোতাবেক প্রস্তাবিত গুরুদণ্ড আরোপের বিষয়ে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শকরণ) প্রবিধানমালা, ১৯৭৯ এর ৬ নং প্রবিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরামর্শ গ্রহণ করা হলে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন একমত পোষণ করেন; এবং

৬। যেহেতু, জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬৯১৪)-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় কার্যধারায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত গুরুদণ্ডের সাথে একমত পোষণ করায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে **'চাকরি হতে বরখাস্ত'** গুরুদণ্ড প্রদানের বিষয়ে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেছেন;

৭। সেহেতু, জনাব মোহাম্মদ নূরুল ইসলাম (পরিচিতি নম্বর-৬৯১৪), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (যুগ্মসচিব), জনপ্রশাসন মন্ত্রণালয়-এর বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় কার্যধারায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি মোতাবেক যথাক্রমে 'অসদাচরণ' ও 'পলায়ন' এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং বাংলাদেশ সরকারী কর্ম কমিশন প্রস্তাবিত গুরুদণ্ডের সাথে একমত পোষণ করায় একই বিধিমালা ৪(৩)(ঘ) বিধিমতে তাঁকে পলায়নের তারিখ অর্থাৎ ২০-০৩-২০২৫ তারিখ থেকে **'চাকরি থেকে বরখাস্ত'** গুরুদণ্ড প্রদান করা হলো।

৮। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ কামরুজ্জামান চৌধুরী**
সচিব।

**অর্থ মন্ত্রণালয়**
**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **০৮.০০.০০০০.০০০.০৩৮.৬৫.০০২৫.২৬.২০৩**—যেহেতু, জনাব মোঃ আইয়ুব, সহকারী কমিশনার (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর বিরুদ্ধে একাধিক পাসপোর্ট ব্যবহার করে ফেব্রুয়ারি, ২০১৮ থেকে আগস্ট, ২০২৬ পর্যন্ত সময়কালে একজন সরকারি কর্মচারী হওয়া সত্ত্বেও যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে ভারত, চীন, থাইল্যান্ড, সিঙ্গাপুর, সংযুক্ত আরব আমিরাত ও মালয়েশিয়ায় ভ্রমণসহ অর্থ পাচারের মত গুরুতর অভিযোগ উত্থাপিত হওয়ায় তাঁর বিরুদ্ধে তদন্তপূর্বক বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

২। সেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৩৯(১) ধারা অনুযায়ী জনাব মোঃ আইয়ুব, সহকারী কমিশনার (বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা), অভ্যন্তরীণ সম্পদ বিভাগ-কে সাময়িক বরখাস্ত করা হলো।

০৩। তিনি সাময়িক বরখাস্তকালীন বিধি মোতাবেক খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

০৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আহসান হাবিব**
ভারপ্রাপ্ত সচিব।

**অর্থ বিভাগ**
**প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ**
**প্রশাসন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৫ ভাদ্র ১৪৩৩/০৯ সেপ্টেম্বর ২০২৬

নং **০৭.০০.০০০০.০০০.০৮২.১২.০০০৩.২৬.৩১৮**—বিসিএস (নিরীক্ষা ও হিসাব) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তাকে তাঁর নামের পাশে বর্ণিত তারিখ হতে উপমহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক/সমমান (গ্রেড-৩) পদে ধারণাগত জ্যেষ্ঠতা প্রদান করা হলোঃ

| ক্রমিক | কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল | ধারণাগত জ্যেষ্ঠতা প্রদানের তারিখ |
|---|---|---|
| ১. | জনাব ফাতেমা বেগম<br>(পরিচিতি নম্বর: ০০১-০০১-৩০১)<br>মহাপরিচালক, সাংবিধানিক প্রতিষ্ঠান, অডিট অধিদপ্তর, ঢাকা | ২৫-০৬-২০২৩ |

২। উল্লিখিত ধারণাগত জ্যেষ্ঠতা শুধুমাত্র বেতন নির্ধারণের ক্ষেত্রে গণনা করা হবে। বেতন নির্ধারণী সুবিধা ব্যতীত গ্রেড-৩ পদে পদোন্নতি (৩০-০৬-২০২৬)'র পূর্বের কোনো বকেয়া আর্থিক সুবিধা প্রাপ্য হবেন না।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা পারভীন**
উপসচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.২২৫.২২.০০০১.২৬-৮৬**—আদিষ্ট হয়ে পুলিশ অধিদপ্তর হতে প্রাপ্ত সুপারিশ এবং আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও বিচার বিভাগের মতামতের আলোকে নিম্নবর্ণিত পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে নামের পার্শ্বে বর্ণিত মামলাসমূহের অভিযোগপত্র বিজ্ঞ আদালতে দাখিলের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮-এর ১৯৭ ধারার বিধান মোতাবেক এতদ্বারা সরকারের পূর্বানুমোদন (Sanction) জ্ঞাপন করা হলো:

| ক্রম | কর্মকর্তার নাম, বিপি নম্বর, ব্যাচ ও পদবি | থানার নাম, মামলা নং ও তারিখ |
|---|---|---|
| ০১ | হারুন অর রশীদ<br>বিপি-৭৪০১১১৯৭৫৩<br>বিসিএস ২০তম ব্যাচ,<br>সাবেক ডিবি প্রধান,<br>ডিএসপি, ঢাকা | উত্তরা পশ্চিম থানার মামলা নং-১২,<br>তারিখ: ০৪-০১-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/৩৪ ধারা |
| | | উত্তরা পশ্চিম থানার মামলা নং-২৭,<br>তারিখ: ২০-০৮-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৭/১৪৮/১৪৯/৩২৩/৩০৭/৩২৪/৩২৬/৩০২/১১৪/৩৪ ধারা তৎসহ The Expiosive Substances Act, 1908 এর ৩/৫/৬ ধারা |
| | | উত্তরা-পশ্চিম থানার মামলা নং-০৪, তারিখ: ০২-১১-২০২৪ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৮/১৪৯/১২০(বি)/৩০২/৩৪ ধারা |
| | | বংশাল থানার মামলা নং-৪১, তারিখ: ২৯/০১/২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৩২৬/৩০৭/১০৯/১৪৯/৩৪ ধারা |
| ০২ | বিপ্লব কুমার সরকার<br>বিপি-৭২০৩১২২৫৯৬,<br>বিসিএস ২১তম ব্যাচ,<br>সাবেক অতিরিক্ত ডিআইজি<br>(যুগ্ম কমিশনার, ডিএমপি),<br>ঢাকা | উত্তরা পশ্চিম থানার মামলা নং-১২,<br>তারিখ: ০৪-০১-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/৩৪ ধারা |
| | | উত্তরা পশ্চিম থানার মামলা নং-২৭,<br>তারিখ: ২০-০৮-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৭/১৪৮/১৪৯/৩২৩/৩০৭/৩২৪/৩২৬/৩০২/১১৪/৩৪ ধারা তৎসহ The Expiosive Substances Act, 1908 -এর ৩/৫/৬ ধারা |
| | | উত্তরা-পশ্চিম থানার মামলা নং-০৪, তারিখ: ০২-১১-২০২৪ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৮/১৪৯/১২০(বি)/৩০২/৩৪ ধারা |
| | | বংশাল থানার মামলা নং-৪১, তারিখ: ২৯-০১-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৩২৬/৩০৭/১০৯/১৪৯/৩৪ ধারা |
| ০৩ | কাজী আশরাফুল আজীম<br>বিপি-৭৫০৫১১৬৪৮৯<br>বিসিএস ২৪তম ব্যাচ,<br>সাবেক উপ-পুলিশ কমিশনার (উত্তরা),<br>ডিএমপি, ঢাকা | উত্তরা পশ্চিম থানার মামলা নং-১২,<br>তারিখ: ০৪-০১-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ৩০২/৩৪ ধারা |
| | | উত্তরা পশ্চিম থানার মামলা নং-২৭,<br>তারিখ: ২০-০৮-২০২৫ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৭/১৪৮/১৪৯/৩২৩/৩০৭/৩২৪/৩২৬/৩০২/১১৪/৩৪ ধারা তৎসহ The Expiosive Substances Act, 1908 -এর ৩/৫/৬ ধারা |
| | | উত্তরা-পশ্চিম থানার মামলা নং-০৮, তারিখ: ০২-০৮-২০২৪ খ্রি.<br>পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/১৪৭/১৪৮/৩২৩/৩০২/১০৯/৩৪ ধারা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন**
উপসচিব।

## কারা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ০১ আশ্বিন ১৪৩৩/১৫ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.১৭৪.০৪.০০০২.২৪-১০৮**—জনাব ফারছু আহমেদ চৌধুরী, ব্যুরো চিফ, এনটিভি, ইউরোপ (ID NO. UKHO-016) এর সাজা স্থগিতের বিষয়ে দাখিলকৃত আবেদন এবং আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের আলোকে বাংলাদেশের সংবিধানের ৪৯ অনুচ্ছেদ এবং The Code of Criminal Procedure, 1898 (Act No. V of 1898)-এ প্রদত্ত ক্ষমতাবলে বিজ্ঞ নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল, হবিগঞ্জ কর্তৃক নারী ও শিশু নির্যাতন দমন মামলা (হবিগঞ্জ) নম্বর: ২৬/২০০৫ এবং নবীগঞ্জ থানার মামলা নং-৩১, তারিখ: ২৫-০৮-২০০৪ হতে উদ্ভূত জি. আর মামলা নং-৪৫১/২০০৪ (হবি)-এ প্রদত্ত দণ্ডাদেশ এর বিরুদ্ধে আদালতে আত্মসমর্পণপূর্বক আপিল দায়েরের শর্তে ০১ (এক) বছরের জন্য সাজা নির্দেশক্রমে স্থগিত করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আমিনুল ইসলাম**
উপসচিব।

---

## আইন-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.০৫৬.০৪.০০৩০.২২.১১৪**—এতদ্বারা আদিষ্ট হয়ে বরিশাল জেলার গৌরনদী থানার মামলা নং-২৪, তারিখ-২৭-১০-২০২৫ অনুযায়ী অভিযুক্তের বিরুদ্ধে পেনাল কোড, ১৮৬০-এর ১৪৩/৪৮৮/২৯৫/৪২৭/৫০৬ ধারায় অভিযোগ দাখিল ও বিচারার্থে আমলে গ্রহণের লক্ষ্যে ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার বিধান মোতাবেক সরকারের পূর্বানুমোদন (Sanction) প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন**
উপসচিব।

---

## পুলিশ-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১০ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪.০০.০০০০.০০০.০৯৪.২৭.০০২৬.২১.৮৫১**—যেহেতু, জনাব আ ফ ম নিজাম উদ্দিন, পিপিএম-বার (বিপি-৭৮০৮১২১৫৮৮), পুলিশ সুপার (টিআর), পুলিশ অধিদপ্তর, ঢাকা বর্তমানে রেঞ্জ ডিআইজি'র কার্যালয়, রংপুর-এ সংযুক্ত আছেন। বর্ণিত কর্মকর্তা মিরপুর সেনানিবাসে চলমান ডিএসসিএসসি-২০২৬ কোর্সে অংশগ্রহণের জন্য গত ৮-১-২০২৬ খ্রি. পুলিশ অধিদপ্তর, ঢাকা হতে প্রস্থান গ্রহণ করেন। উক্ত কোর্স চলাকালে গত ৭-৬-২০১৬ খ্রি. তিনি অসুস্থ হয়ে পড়লে তাকে সিএমএইচ, ঢাকায় প্রেরণ করা হয়। বিশেষজ্ঞ চিকিৎসকের পরামর্শের প্রেক্ষিতে আনুষঙ্গিক পরীক্ষা-নিরীক্ষার অংশ হিসেবে বর্ণিত কর্মকর্তার ডোপ টেস্ট শেষে Urine Benzo Diazepines (BZO) Amphetamine/ methamphetamine 'Positive' পাওয়া যায়, যা উক্ত ডিএসসিএসসি কোর্সের শৃঙ্খলা পরিপন্থি;

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুসারে 'অসদাচরণ' এর শাস্তিযোগ্য অপরাধে একই বিধিমালার বিধি ১২(১) অনুযায়ী বিগত ৩১-০৮-২০২৬ তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে সাময়িক বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন;

৩। সেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী জনাব আ ফ ম নিজাম উদ্দিন, পিপিএম-বার (বিপি-৭৮০৮১২১৫৮৮)-কে চাকুরি হতে সাময়িক বরখাস্ত করা হলো;

৪। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন;

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুর মোর্শেদ চৌধুরী**
সিনিয়র সচিব।

---

## পানিসম্পদ মন্ত্রণালয়

## প্রশাসন-১ শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ৩১ ভাদ্র ১৪৩৩/১৫ সেপ্টেম্বর ২০২৬

নং **৪২.০০.০০০০.০৩১.০৬.০৫৬.১৬.৪৮২**—নদী গবেষণা ইনস্টিটিউট আইন, ১৯৯০ ( ১৯৯০ সনের ৫৩ নম্বর আইন) এর ৬(১)(গ) ধারা বলে সরকার নদী গবেষণা ইনস্টিটিউট এর পরিচালনা বোর্ডের সদস্য হিসেবে ত্রয়োদশ জাতীয় সংসদের ফরিদপুর-৪ আসন থেকে নির্বাচিত মাননীয় সংসদ সদস্য জনাব মোঃ শহিদুল ইসলাম-কে মনোনীত করেছেন।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ মাজহারুল ইসলাম চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

## জাতীয় রাজস্ব বোর্ড

## [কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

### প্রজ্ঞাপন

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৫২/২০২৬/কাস্টমস/৫২২**।—কাস্টমস আইন, ২০২৩ এবং ধারা ১২(২) এর প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্র বন্দরে অবস্থিত মেসার্স পোর্টল্যান্ড সার্ভিসেস লিমিটেড [বন্ড লাইসেন্স নং-এস-৪-৩২/বন্ড/৮৪(HB301PS03284), তারিখ: ১৬-০৮-১৯৮৪ খ্রি.] নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো:

| ক্রঃ নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০১ | প্রভিশন ও ফুড, বন্ডেড স্টোর (Provision & Food, Bonded Stores) | ২৯৪৫.৭৬ |

| ক্রঃ নং | পণ্যের বিবরণ | আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| ০২ | Alcoholic Beverage (liquor, Whisky, Beer, Wine, Vodka), Cigarettes & Tobacco, Cosmetic and Toiletries | ৬২,১৭৭.১২ |
| ০৩ | **Consignment ভিত্তিক পণ্য:** (লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট, থিনার) | ০০.০০ |
| **মোট = (পঁয়ষট্টি হাজার একশত বাইশ দশমিক আটাশি) মার্কিন ডলার** | | ৬৫,১২২.৮৮ |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**কাজী রায়হানুজ্জামান**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

---

## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
## মজুরী বোর্ড শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৪০.০০.০০০০.০১৬.৩২.০২০.১২-৯৭**—নং মজুরী/পাঁচ/৩/৮১/২৮০ তারিখ: ৭ আগস্ট, ১৯৮৩ মোতাবেক নিম্নতম মজুরী অধ্যাদেশের [১৯৬১ সনের অধ্যাদেশ নং ৩৯-এর ৫(২) ধারা এবং ১৯৬১ সনের নিম্নতম মজুরী বিধিমালার ১৫(১) ধারার] বিধি মোতাবেক প্রদত্ত ক্ষমতাবলে "টাইপ ফাউন্ড্রি" শিল্পের গেজেট প্রকাশ করা হয়। বর্তমানে "টাইপ ফাউন্ড্রি" শিল্পের অস্তিত্ব নেই "টাইপ ফাউন্ড্রি" শিল্পকে নিম্নতম মজুরী বোর্ড ঘোষিত শিল্প সেক্টরের তালিকা থেকে বাদ দেয়া হলো এবং ইতিঃপূর্বে ঘোষিত ০৭ আগস্ট ১৯৮৩ তারিখের নিম্নতম মজুরি নির্ধারণের জন্য প্রকাশিত গেজেটটি বাতিল করে প্রজ্ঞাপন জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মাহবুবুর রহমান**
উপসচিব।

---

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
## প্রশাসন শাখা-৩

### প্রজ্ঞাপন

তারিখ: ৩০ ভাদ্র ১৪৩৩/১৪ সেপ্টেম্বর ২০২৬

নং **২৫.০০.০০০০.০৫৩.০৬.০০৬.২০০০.৩৬৯**—ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ধারা ২(ক)-তে প্রদত্ত ক্ষমতাবলে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের নগর পরিকল্পক (ভা:) জনাব মোঃ রাহেনুল ইসলাম রনী-কে রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের মাস্টারপ্ল্যান অধিভুক্ত এলাকায় ইমারত নির্মাণ আইন, ১৯৫২-এর অধীন 'অথরাইজড অফিসার' (Authorized Officer) হিসেবে ক্ষমতা অর্পণ করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**দীপক কুমার রায়**
উপসচিব।

## প্রশাসন অনুবিভাগ-১
## প্রশাসন শাখা-২

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

নং **২৫.০০.০০০০.১২৩.৯৯.০০২.১৬.৫৯৯**—ইমারত নির্মাণ আইন, ১৯৫২ এর ২(ক) ধারার প্রদত্ত ক্ষমতাবলে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) এর নিম্নোক্ত কর্মকর্তাকে অথরাইজড অফিসার হিসেবে নির্দেশক্রমে দায়িত্ব পালনের ক্ষমতা অর্পণ করা হলো।

| কর্মকর্তার নাম, পদবি এবং কর্মস্থল | প্রদানকৃত ক্ষমতা |
|---|---|
| মিজ্ তামান্না বিনতে রহমান অথরাইজড অফিসার, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা | অথরাইজড অফিসার রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক), ঢাকা। |

**শর্তাবলি:**

(১) রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ একটি উচ্চ পর্যায়ের কমিটি দ্বারা প্রতি ০৬ (ছয়) মাস পর পর তাঁদের সততা, দক্ষতা কাজের পরিমাণ, গুণগত মান এবং নাগরিকের প্রতি সেবার মানসিকতা বিষয়ে মূল্যায়ন প্রতিবেদন তৈরি করে তা মন্ত্রণালয়ে প্রেরণ করবে;

(২) আগামী ০১ (এক) বছরের জন্য অথরাইজড অফিসারের ক্ষমতা অর্পণ করা হবে এবং প্রতি ০৬ (ছয়) মাস পরপর রাজউক তাদের কাজের মান ও স্বচ্ছতার বিষয়ে প্রতিবেদন তৈরি করবে এবং মন্ত্রণালয়ের রাজউক সংশ্লিষ্ট সভায় উপস্থাপন করবে;

(৩) রাজউক উচ্চ পর্যায়ের একটি কমিটি গঠনপূর্বক তাদের কার্যক্রম মূল্যায়ন করবে এবং ব্যত্যয় হলে কার্যকরী ব্যবস্থা গ্রহণ করবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ প্রজ্ঞাপন অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোছাঃ লুৎফুন নাহার নাজীম**
উপসচিব।

---

## সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
## নজরুল ও কারুশিল্প শাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৩.০০.০০০০.১১৫.১১.০০১.২৫.৩৯**—বাংলাদেশ লোক ও কারুশিল্প আইন-১৯৯৮ এর ৬ ধারায় অর্পিত ক্ষমতাবলে পুনরাদেশ না দেয়া পর্যন্ত সরকার নিম্নরূপভাবে বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড পুনর্গঠন করল:

**চেয়ারম্যান**

ক. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী

**সদস্যবৃন্দ**

খ. জনাব আজহারুল ইসলাম মান্নান, ২০৬, নারায়ণগঞ্জ-৩, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ

জনাব নিপুন রায় চৌধুরী, সংরক্ষিত মহিলা আসন, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ

জনাব দীপেন দেওয়ান, ২৯৯, রাঙ্গামাটি, মাননীয় সংসদ সদস্য, বাংলাদেশ জাতীয় সংসদ

গ. সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়

ঘ. অর্থ বিভাগের প্রতিনিধি (অন্যূন যুগ্মসচিব পর্যায়ের একজন কর্মকর্তা)

ঙ. মহাপরিচালক, বাংলাদেশ জাতীয় জাদুঘর

চ. চেয়ারম্যান, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প সংস্থা

ছ. মহাপরিচালক, বাংলা একাডেমি

জ. চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন

ঝ. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সংশ্লিষ্ট উপসচিব

ঞ. জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ

ট. প্রকৌশলী ময়নুল আবেদিন. প্রকৌশলী ও কারুশিল্প অনুরাগী

মিজ জাকিয়া আহমেদ ঝুমা, প্রভাষক, কারুশিল্প বিভাগ, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়

জনাব চন্দ্রশেখর সাহা, বিশিষ্ট লোক ও কারুশিল্প অনুরাগী এবং গবেষক

ঠ. অধ্যাপক ড. আজহারুল ইসলাম শেখ, ডিন, চারুকলা অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

**সদস্য-সচিব**

ড. পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ

২। উক্ত পরিচালনা বোর্ড বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন আইন-১৯৯৮ (১৯৯৮ সনের ৮ নং আইন)'র ৫-৮ ধারায় প্রতিফলিত কার্যাবলির আলোকে কার্য সম্পাদন করবেন।

৩। এ মন্ত্রণালয়ের ২৭ মার্চ ২০২৫ তারিখের ৪৩.০০.০০০০.১১৫.০০.০০১.২৫.২৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের পরিচালনা বোর্ড এতদ্বারা বাতিল করা হলো।

৪। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মাকসুদা খন্দকার**
উপসচিব।

**লাইব্রেরি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২২ ভাদ্র, ১৪৩৩ বঙ্গাব্দ/০৬ সেপ্টেম্বর, ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: **গণগ্রন্থাগার অধিদপ্তরের 'পুস্তক নির্বাচনী কমিটি' পুনর্গঠন।**

নং **৪৩.০০.০০০০.০০০.১১৩.০৭.০০১৪.২৬.২৭১**—সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তর এর বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গ্রন্থাগারসমূহের জন্য রাজস্ব বাজেটের আওতায় পুস্তক ক্রয়ের নিমিত্ত প্রস্তাবিত কেন্দ্রীয়ভাবে 'পুস্তক নির্বাচনী কমিটি আগামী ০৩ (তিন) বছরের জন্য নির্দেশক্রমে পুনর্গঠন করা হলো।

**আহ্বায়ক**

১. মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, বিএসএল ভবন ৩, ০১ মিন্টো রোড, রমনা, ঢাকা।

**সদস্যবৃন্দ**

২. মহাপরিচালক, বাংলা একাডেমি, শাহবাগ, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি)।

৩. অধ্যাপক ড. আহমেদ বশীর, ইংরেজী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৪. অধ্যাপক ড. পারভীন আক্তার জেমি, বাংলা বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

৫. লাইব্রেরিয়ান, ঢাকা বিশ্ববিদ্যালয় গ্রন্থাগার, ঢাকা।

৬. পরিচালক (প্রশাসন ও হিসাব), গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।

৭. সংশ্লিষ্ট শাখা কর্মকতা (লাইব্রেরি শাখা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮. পরিচালক, জাতীয় গ্রন্থকেন্দ্র, ০৫/সি, শহীদ আবরার ফাহাদ এভিনিউ, ঢাকা।

৯. সচিব, বাংলাদেশ শিল্পকলা একাডেমি, সেগুনবাগিচা, ঢাকা।

১০. খান মাহবুব, গ্রন্থবিশেষজ্ঞ ও খণ্ডকালীন শিক্ষক, মুদ্রণ ও প্রকাশনা অধ্যয়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা।

১১. কপিরাইট রেজিস্ট্রার, বাংলাদেশ কপিরাইট অফিস, আগারগাঁও, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি)।

১২. পরিচালক, বিশ্বসাহিত্য কেন্দ্র, বাংলা মটর, ঢাকা (একজন উপযুক্ত প্রতিনিধি)।

**সদস্য-সচিব**

১৩. সহকারী পরিচালক/ লাইব্রেরিয়ান, গণগ্রন্থাগার অধিদপ্তর, রমনা, ঢাকা।

**কমিটির কার্যপরিধিঃ**

সংশ্লিষ্ট নীতিমালা অনুসারে এ মন্ত্রণালয়ের আওতাধীন গণগ্রন্থাগার অধিদপ্তর এর বাংলাদেশ কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরি, বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গ্রন্থাগারসমূহের জন্য রাজস্ব খাতে ক্রয়যোগ্য মানসম্মত পুস্তক নির্বাচন।

**মোহাঃ খালিদ হোসেন**
উপসচিব।

## বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়

**সিএ-২ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩১ ভাদ্র ১৪৩৩/১৫ সেপ্টেম্বর ২০২৬

নং **৩০.০০.০০০০.০০০.০১৪.২৪.০০০৭.২৬-২৫৯**—চেয়ারম্যান, বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর সুপারিশের আলোকে Biman Bangladesh Airlines Limited এর Boeing 787-8/9 ও DHC-8-402 aircraft এর Auxiliary Power Unit (APU) এর maintenance সম্পন্ন করার নিমিত্ত REVIMA এর অনুকূলে ০৬ (ছয়) মাসের জন্য (১৬ জুলাই, ২০২৬ হতে ১৫ জানুয়ারি, ২০২৭ পর্যন্ত) বেসামরিক বিমান চলাচল আইন, ২০১৭ এর ধারা ৪৪(১) এর বিধান অনুযায়ী CAR 1984, Rule-190 (4&5) এর অব্যাহতি (Exemption) জনস্বার্থে প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নুরুল হুদা**
উপসচিব।

---

## তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

**প্রেস-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৯ ভাদ্র ১৪৩৩/১৩ সেপ্টেম্বর ২০২৬

**নং ১৫.০০.০০০০.০০০.০২০.১১.০০০১.২৩.৩৮০—**'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ধারা ১৪(১) অনুযায়ী তথ্য কমিশনের 'প্রধান তথ্য কমিশনার' ও ০২ (দুই) জন 'তথ্য কমিশনার' নিয়োগের সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নে-বর্ণিত ০৫(পাঁচ) সদস্য-বিশিষ্ট বাছাই কমিটি পুনর্গঠন করা হলো:

**সভাপতি**

০১. মাননীয় বিচারপতি জনাব ফারাহ মাহবুব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা

**সদস্যবৃন্দ**

০২. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৩. জনাব মোঃ মোস্তাফিজুর রহমান বাবুল, সংসদ-সদস্য, ১৪০ জামালপুর-৩, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা

০৪. জনাব মাসুদ সাঈদী, সংসদ-সদস্য, ১২৭ পিরোজপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা

০৫. জনাব হাসান হাফিজ, সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা।

**কমিটির কার্যপরিধি:**

গঠিত বাছাই কমিটি 'তথ্য অধিকার আইন, ২০০৯' এর ধারা ১২(১), ১৪(৪) ও ১৫(৫) অনুযায়ী তথ্য কমিশনের 'প্রধান তথ্য কমিশনার' ও 'তথ্য কমিশনার' নিয়োগের লক্ষ্যে সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্তের ভিত্তিতে প্রতি শূন্য পদের বিপরীতে ২ (দুই)জন করে ব্যক্তির নাম রাষ্ট্রপতির নিকট সুপারিশ করবেন।

২। উল্লেখ্য, 'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর ধারা ১৪(২) অনুযায়ী তথ্য কমিশনের 'প্রধান তথ্য কমিশনার' ও 'তথ্য কমিশনার' নিয়োগের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির কার্যসম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদানের নিমিত্ত এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রচার ও উন্নয়ন) এবং বর্তমানে তথ্য কমিশনের সচিব হিসেবে দায়িত্ব পালনরত জনাব মোঃ শাহ আলম দায়িত্ব পালন করবেন।

৩। এ কমিটি পুনর্গঠনের পরিপ্রেক্ষিতে ইতঃপূর্বে ০৯-০৭-২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০২০.১১.০০১.২৩.২৭৬ নম্বর প্রজ্ঞাপনে গঠিত কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খাদিজা তাহেরা ববি**
উপসচিব।

---

**চলচ্চিত্র-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩৩/২৯ জুলাই ২০২৬

নং **১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৮.২৩৭**—বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন আইন, ২০২৩ এর ধারা ৩ এর উপ-ধারা (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিতভাবে 'বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড' পুনর্গঠন করল:

**চেয়ারম্যান**

০১. সিনিয়র সচিব/সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়;

**সদস্যবৃন্দ**

০২. অতিরিক্ত সচিব (চলচ্চিত্র), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ;

০৩. প্রতিনিধি, আইন ও বিচার বিভাগ (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা);

০৪. প্রতিনিধি, প্রেস উইং, প্রধানমন্ত্রীর কার্যালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা);

০৫. প্রতিনিধি, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (অন্যূন যুগ্মসচিব পদমর্যাদার একজন কর্মকর্তা);

০৬. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা;

০৭. এ জে রানা, চলচ্চিত্র পরিচালক, প্রযোজক ও পরিবেশক;

০৮. শাহীন সুমন, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র পরিচালক সমিতি;

০৯. শিবা শানু, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতি;

১০. আওলাদ হোসেন, সভাপতি, বাংলাদেশ চলচ্চিত্র প্রদর্শক সমিতি;

১১. জনাব দিঠি আনোয়ার, সংগীত শিল্পী;

১২. জনাব মুনির মাহমুদ প্রিন্স (প্রিন্স মাহমুদ), সংগীত পরিচালক;

১৩. কাজী নওশাবা আহমেদ, চলচ্চিত্র অভিনেত্রী;

১৪. জনাব আবদুর রহমান, চলচ্চিত্র গবেষক;

**সদস্য-সচিব**

১৫. ভাইস চেয়ারম্যান, বাংলাদেশ চলচ্চিত্র সার্টিফিকেশন বোর্ড, ঢাকা।

২। তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের ০৫-০২-২০২৬ তারিখের ১৫.০০.০০০০.০২৭.২২.০০১.১৮-৪৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত বোর্ড এতদ্বারা বাতিল করা হলো।

৩। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আসলাম মোল্লা**
উপসচিব।

---

**বেতার-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩৩/০৭ সেপ্টেম্বর ২০২৬

বিষয়: **বেসরকারি মালিকানায় কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা- ২০২২ এর অনুচ্ছেদ ১০.১ অনুসারে জাতীয় রেগুলেটরি কমিটি (National Regulatory Committee) পুনর্গঠন।**

নং **১৫.০০.০০০০.০২২.৩৪.০০৮.২২-২৯০**—বেসরকারি মালিকানায় কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা নীতিমালা-২০২২ এর অনুচ্ছেদ ১০.১ অনুসারে নিম্নবর্ণিত কর্মকর্তা ও বিশিষ্ট নাগরিকদের সমন্বয়ে 'জাতীয় রেগুলেটরি কমিটি' (**National Regulatory Committee**) পুনর্গঠন করা হলো।

(১০.১) জাতীয় রেগুলেটরি কমিটি :

**সভাপতি**

(১) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব (সম্প্রচার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা

(৩) মহাপরিচালক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা

(৪) যুগ্মসচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

(৫) যুগ্মসচিব, আইন ও বিচার বিভাগ; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়

(৬) বিটিআরসি'র একজন প্রতিনিধি (পরিচালক বা তদূর্ধ্ব পর্যায়ের)

(৭) অধ্যাপক ড. মোঃ কামরুল হাসান, তড়িৎ ও ইলেকট্রনিক কৌশল, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

(৮) সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, ঢাকা

(৯) জনাব শায়রুল কবির খান, বিশিষ্ট ব্যক্তিত্ব, বাড়ি নং-৩৬৬/৯, রোড নং-৬, বারিধারা ডিওএইচএস, ঢাকা

**সদস্য-সচিব**

(১০) যুগ্মসচিব (বেতার), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

**(১০.২) কমিটির কার্যপরিধি:**

(ক) কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা সংক্রান্ত নীতিমালা পরিবর্তন, সংশোধন করা এবং প্রযোজ্য যাবতীয় নীতিমালা যথাযথভাবে অনুসৃত হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করা;

(খ) কমিউনিটি রেডিও সম্প্রচার সংক্রান্ত আইন-কানুন ও বিধি-বিধান পর্যালোচনা করা এবং সময়োপযোগী সংশোধনী সম্পর্কে পরামর্শ প্রদান করা;

(গ) কমিউনিটি রেডিও সম্প্রচার ও পরিচালনার লক্ষ্যে "কারিগরি উপ-কমিটি" কর্তৃক সুপারিশকৃত প্রতিষ্ঠানের তালিকা চূড়ান্ত করে সরকারের অনুমোদনের জন্য পেশ করা; এবং

(ঘ) "কারিগরি উপ-কমিটি" এবং "কেন্দ্রীয় মনিটরিং কমিটি"-এর প্রতিবেদন পর্যালোচনা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা ।

(ঙ) কমিটি প্রয়োজনবোধে যে কোনো বিশেষজ্ঞ ব্যক্তিকে মতামত প্রদানের জন্য সভায় উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

২। এতদ্বারা কমিউনিটি রেডিও স্থাপন, সম্প্রচার ও পরিচালনা সংক্রান্ত ১৬-০২-২০১০ তারিখের তম/বেতার-২/ক.রে-২/২০০৮/৪৪ সংখ্যক প্রজ্ঞাপনটি এতদ্বারা বাতিল করা হলো।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহিম ভূঞা**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**

**অধিগ্রহণ-১ শাখা**

**এল এ কেস নম্বর-১৬৮/১৯৬১-৬২**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি মোস্তফাপুর-ঘাঘর খাল খননের জন্য ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-গোপালগঞ্জ (সাবেক ফরিদপুর), থানা-কোটালীপাড়া, মৌজা- ৫৩ নং রাড়ীরবিল

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৫৭০ | ১ | ২.৮৭ |
| ১৪৭ | ২ | ০.০২ |

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৮০ | ১২ | ০.০৪ |
| ৫৬৬ | ১৩ | ০.০২ |
| ৫৬১ | ১৪ | ০.০৩ |
| ৪২১, ৪৩৪ | ১৯ | ০.০২ |
| ৪২৩ | ২১ | ০.০২ |
| ৫৪৭ | ২২ | ০.০৫ |
| ৫৯ | ২৭ | ০.০২ |
| ৪২০, ৪২১ | ৩৫ | ০.০২ |
| ৬০, ৪৩৪ | ৩৬ | ০.০৩ |
| ৪২০, ৪২১ | ৩৭ | ০.০৮ |
| ৬০ | ৩৮ | ০.০৮ |
| | **মোট=** | **৩.৩০ একর** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

---

**এল এ কেস নম্বর-২০-বি/১৯৬৩-৬৪**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি শেড নির্মাণের জন্য ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-গোপালগঞ্জ (সাবেক ফরিদপুর), থানা-মুকসুদপুর, মৌজা-৫৮ নং দক্ষিণ চন্ডীবরদী

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪১ ও ৫০ | ৫৪০ | ০.০২ |
| | ৫৪২ | ০.০২ |
| | ৫৪৩ | ০.০৮ |
| ৯৬ | ৫৪১ | ০.১১ |
| | **সর্বমোট =** | **০.২৩ একর** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

**এল এ কেস নম্বর-১৩৬/১৯৬১-৬২**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ইউনিয়ন বীজাগার নির্মাণের জন্য ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-গোপালগঞ্জ, উপজেলা-মুকসুদপুর, মৌজা- ১৯৫ নং রাঘদী

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৭৮১ | ২৮৩৮ | ০.০৮ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

---

**এল এ কেস নম্বর-৩০/১৯৬৩-৬৪**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি পরিদর্শন বাংলো নির্মাণের জন্য ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-গোপালগঞ্জ, থানা-কোটালীপাড়া, মৌজা-৫১ নং ঘাঘর, ৫২ নং কয়খা

| খতিয়ান নং (এসএ) | দাগ নং (এসএ) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৬৮ | ৫৪৬ | ০.১১ |
| ৩৬৮ | ৫৪৭ | ০.১০ |
| ৫০৪ | ৫৮১ | ০.১০ |

সর্বমোট ০২ মৌজায় (০.২১+০.১০)=০.৩১ একর।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

**এল এ কেস নম্বর-১২/১৯৬৭-১৯৬৮**
**ঘ ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি প্লান্ট প্রটেকশন গোডাউন নির্মাণের জন্য ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-গোপালগঞ্জ, উপজেলা-কোটালীপাড়া, মৌজা-৫৪ নং বাগান উত্তরপাড়

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪৭৪ | ১১৪৪ | ০.৩০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

---

**এল এ কেস নম্বর-৫০/১৯৬২-৬৩**
**ঘ ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪০**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ভাটিয়াপাড়া বিশ্রামাগার নির্মাণের জন্য জন্য ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-গোপালগঞ্জ, উপজেলা-কাশিয়ানী, মৌজা-৩৮ নং বরাশুর

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৪৭৮ | ৩২৬ | ০.৩৩ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

---

**এল এ কেস নম্বর-১১৮/১৯৬১-১৯৬২**
**ঘ ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪১**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-শরীয়তপুর, থানা-নড়িয়া, মৌজা-১৪৪ গোরাইল

| খতিয়ান নং | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৬৯ | ৯১ | ০.০৯ |
| | **মোট=** | **০.০৯ একর** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

---

**এল এ কেস নম্বর-১৪ বি/১৯৬৩-১৯৬৪**
**ঘ ফরম**
**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক নোটিশ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৭.৩৪.০০১০.২১.২৪১**—যেহেতু, নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি/সম্পত্তিসমূহ (জরুরি) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক হুকুমদখল করা হয়েছে;

এবং যেহেতু, উক্ত সম্পত্তি হুকুমদখলের আওতাধীন রয়েছে এবং যেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৫) উপ-ধারা মোতাবেক প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করেছেন;

সেহেতু, উক্ত আইনের ৫ ধারার (৭) উপ-ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানান যে, নিম্ন তফসিলে বর্ণিত উক্ত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হলো।

**তফসিল**

জেলা-শরীয়তপুর, থানা-পালং, মৌজা-৮৭ নং নীলকান্দি

| খতিয়ান নং (আরএস) | দাগ নং (আরএস) | জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২৫১ | ২০০ | ০.০৪ |
| ২৫০ | ২০২ | ০.০৫ |
| | মোট= | ০.০৯ একর |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।

**অধিগ্রহণ-২ শাখা**

**স্থাবর সম্পত্তি অধিগ্রহণ কেস নং- এল এ (সা.) ৮ (ii)/৬৮-৬৯ / ২৯/৮৫-৮৬**

**ঘ ফরম**

**সম্পত্তি অধিগ্রহণের জন্য ৫(৭) ধারা মোতাবেক ঘোষণাপত্র**

তারিখ: ০৬ আশ্বিন ১৪৩৩/২১ সেপ্টেম্বর ২০২৬

**নং ৩১.০০.০০০০.০৪৮.৩৪.০৪৭.২৫-১৭১**—যেহেতু নিম্ন-তফসূলে বর্ণিত সম্পত্তি ১৯৪৮ সালের সম্পত্তি (জরুরী) হুকুমদখল আইন (১৯৪৮ সালের ১৩ নং আইন) এর ৩ ধারা মোতাবেক ১১-০৩-১৯৬৯ খ্রি. তারিখের আদেশ দ্বারা হুকুম দখল করা হইয়া এবং যেহেতু উক্ত সম্পত্তি/সম্পত্তিসমূহ হুকুমদখলের আওতাধীন রহিয়াছে এবং যেহেতু উক্ত আইনের ধারা ৫ এর উপধারা ৫ অনুযায়ী প্রদত্ত রিপোর্ট বিবেচনার পর সরকার উক্ত সম্পত্তি অধিগ্রহণ করার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন।

সেহেতু উক্ত আইনের ৫ এর উপধারা ৭ অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা জানানো যাইতেছে যে, নিম্ন তফসিল বর্ণিত হুকুমদখলকৃত সম্পত্তি/সম্পত্তিসমূহ সরকার কর্তৃক অধিগ্রহণ করা হইল।

**তফসিল**

মৌজা-সোলেমানপুর, জে এল নং ৬৩, উপজেলা-কোটচাঁদপুর, জেলা-ঝিনাইদহ

| সি.এস. খতিয়ান নং | সি.এস. দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ২০১ | ৭৬৯১ | .০৪ |
| ৬৫৬ | ৭৬৯০ | .১৬ |
| ১১০০ | ৭৬৮৯ | .৪১ |
| ১২০৯ | ৭৬৮৭ | .০৪ |
| ১১০০ | ৭৬৮৮ | .৩২ |
| ১৬৬৭ | ৭৬৫৫ | .২৮ |
| ১৭৬৯ | ৭৬৭৭ | .১২ |
| ৬৫ | ৭৬৭৯ | .০২ |
| ১১০৮/৪ | ৭৬৫৬ | .১৫ |
| ১২১৬ | ৭৬৫৭ | .১৮ |
| ৯৬৫ | ৭৬৫৮ | .০২ |
| ১৭৬৫ | ৭৬৫৯ | .২১ |
| ১৬৪৭ | ৭৬৬০ | .০৭ |
| ১৬৬৪ | ৭৬৬১ | .২৪ |
| ১৬৩৮ | ৭০১৬ | .০৪ |
| ১৬৩৮ | ৭০১৫ | .০৪ |
| ১৬৩৭ | ৭০১৪ | .৩১ |
| ০৩ | ৭০১৩ | .০৩ |
| ৯১৬ | ৭৬৫০ | .০২ |
| ১৬০১ | ৬৮৬ | .৭৪ |
| ১৯৩৭ | ৬৮৭ | .৩৯ |
| ১৫৮৫ | ৬৮৮ | .০৬ |
| ১৫৮৫ | ৬৮৯ | .২৮ |
| ১১৬২ | ৬৮৫ | .২৮ |
| ১০৭৭ | ৬৭৭ | .১৬ |
| ৩৪ | ৬৯২ | .৮৮ |
| ২০০৭ | ৬৫৯ | .৪৩ |
| ১৫৪২,১৫৪৩ | ৬৬০ | .৭০ |
| ১৭৮৭ | ৬৮৪ | .০১ |
| **মোট জমির পরিমাণ =** | | **৬.৬৩ একর** |

মৌজা-বাজেবামনদহ, জে এল নং ৬২, উপজেলা-কোটচাঁদপুর, জেলা-ঝিনাইদহ

| সি.এস. খতিয়ান নং | সি.এস. দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৩৫ | ১৫৮ | .১৮ |
| ৯৫ | ১৫৯ | .৪৬ |
| ২০৩ | ১৬০ | .০৪ |
| ০২ | ২৬২ | .১৩ |
| ৩৬ | ২০৩ | .০৩ |
| ৭৮ | ২০৪ | .০১ |
| ৯৬ | ২০২ | .২৮ |
| ৯৬ | ২০৬ | .২৩ |
| ০২ | ১৩৯ | .০৪ |
| ১০০, ১০১ | ২১১ | ১.১৮ |
| ০২ | ২১০ | .১৮ |
| ৯৮ | ২১২ | .১২ |
| ৭০ | ২১৩ | .২০ |
| ৬৮, ৬৯ | ২১৪ | .৩০ |
| ৮৯ | ২১৫ | .১৫ |
| ১০৩, ১০৪, ১০৫ | ২১৭ | .০১ |
| ৮০, ৮১, ৮২ ৮৩, ৮৪, ১৯৭ | ৮৭ | .০৬ |
| ১২০, ১৯৭ | ৮২ | .২৯ |

| সি.এস. খতিয়ান নং | সি.এস. দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ৫০ | ৮৬ | .০২ |
| ৪১, ৪৩, ৪৯ | ৮৩ | .১২ |
| ১৯ | ৫৪৭ | .০২ |
| ২৮৫ | ৬৮ | .১০ |
| ২৮৭ | ৭০ | .০৮ |
| ২৮৬ | ৭১ | .০৩ |
| ০২ | ৮১ | .১৩ |
| ৫২ | ৭২ | .১৯ |
| ৪৩ | ৭৩ | .০৩ |
| ৪৩ | ৭৫ | .১৩ |
| ৪৩ | ৮০ | .০৫ |
| ৪১, ৪৩ | ৭৯ | .০৮ |
| ৪৯, ৫০ | ৭৮ | .১৬ |
| ৫০ | ৭৭ | .১৮ |
| ৫০ | ৭৬ | .১১ |
| **মোট জমির পরিমাণ =** | | **৫.৩২ একর** |

মৌজা- কোটচাঁদপুর, জে এল নং ৪৬, উপজেলা- কোটচাঁদপুর, জেলা-ঝিনাইদহ

| সি.এস. খতিয়ান নং | সি.এস. দাগ নং | অধিগ্রহণকৃত জমির পরিমাণ (একরে) |
|---|---|---|
| ১১৯ | ১৩৮০ | .৩২ |
| ১১৭ | ১৩৭৯ | .২২ |
| ৩৩৫ | ১৩৭৬ | .৩১ |
| ১১৭ | ১৩৭৭ | .১১ |
| ৩৩৫ | ১৩৭৮ | .১৭ |
| ০২ | ১৩৮১ | .১৩ |
| ৫৪৪ | ১০৩৭ | .৭৪ |
| ১১৩ | ১৩৭৫ | .৪০ |
| **মোট জমির পরিমাণ =** | | **০.৭৩ একর** |
| **সলেমানপুর মৌজা =** | | **৬.৬৩ একর** |
| **বাজেবামন দহ মৌজা =** | | **৫.৩২ একর** |
| **সর্বমোট জমির পরিমাণ =** | | **১২.৬৮ একর** |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুহাম্মদ আব্দুল লতিফ**
উপসচিব।